YANTRA KSHETRA DÌPIKÁ,

OR

A TREATISE ON THE "SETAR,"

CONTAINING

THE REQUISITE RULES FOR PERFORMING ON THE INSTRUMENT,

TOGETHER WITH

VARIOUS EXERCISES AND TWO HUNDRED AND TWO AIRS,

COMPOSED AND COMPILED

BY

SOURINDRO MOHUN TAGORE, MUS. DOC.,

Knight Commander of the Order of Leopold of Belgium; Knight Commander of the First Class Order of Albert of Saxony; Chevalier of the Imperial Order of Medjidie of Turkey, Sangita Nāyaka and Sangita Sāgara of Nepaul, Founder and President of the Bengal Music School; Fellow of the University of Calcutta; Member of the Royal Asiatic Society, and Fellow of the Royal Society of Literature, Great Britain and Ireland, Honorary Member of the Royal Academy of Music, Stockholm, Sweden; Officier d'Academie, Paris; Associate Member of the Royal Academy of Sciences, Letters and Fine Arts, of Belgium; Corresponding Member of the Royal Musical Society of Amsterdam, Foreign Member of the Royal Philological and Ethnographical Institution of Netherlands India at the Hague; Corresponding Member of the Royal University of Genera; Socio Onorario of the Royal Academy of St. Cecilia, Rome; Socio Onorario Societa Dilusealici Italiana; Accademico Corrispondente of the Academy of the Royal Musical Institute of Florence; Socio Corrispondente of the Royal Academy of Raffaello, Urbino, Italy; Socio Benemerito of the Royal University of Parma; Socio Onorario of the Philharmonic Society of Bologna; Honorary Member of the Archæological Society of Athens, Greece; Socio Onorario of Royal Academy of Palermo, Sicily; Patron of the Athenæum of the Royal University of Sassari, Sardinia; Member of the Imperial Academy of Ossaca, Japan,

&c. &c. &c.

PUBLISHED BY

KALLY PROSONNO BANERJEA,

PROFESSOR, BENGAL MUSIC SCHOOL.

SECOND EDITION.

Calcutta:

J. N. VIDYARATNA, 38, SHAMPOOKER STREET.

1879.

PRINTED

BY J. N. VIDYARATNA, AT THE NEW BENGAL PRESS,

[illegible], SHAMPOOKER STREET,

CALCUTTA.

যন্ত্রক্ষেত্রদীপিকা

সেতার-শিক্ষা-বিধায়ক-গ্রন্থ।

শ্রীশৌরীন্দ্রমোহন ঠাকুর মিউজিক ডাক্তার

নাইট্ কমাণ্ডার অব্ দি অর্ডার অব লিওপোলড, অব্ বেলজিয়ম; নাইট্ কমাণ্ডার অব্ দি [illegible]
অর্ডার অব্ আর্ণেষ্ট অব্ সাক্সনি; সিভেলিয়ার অব দি ইম্পিরিয়েল অর্ডার অব মেডজেডি
অব্ টার্কি, নেপালের সঙ্গীতনায়ক ও সঙ্গীতসাগর; বঙ্গ সঙ্গীত বিদ্যালয়ের প্রতি-
ষ্ঠাতা ও সভাপতি; কলিকাতা ইউনিভারসিটির ফেলো, গ্রেট ব্রিটেন ও আয়র্
লণ্ডের রএল আসিয়াটিক সোসাইটির মেম্বর এবং [illegible] রএল সোসাইটির
ফেলো; সুইডেনের রাজধানী ষ্টকহলমের সঙ্গীত বিদ্যা রএল সোসাইটির
অনরেরি মেম্বর; ফ্রান্সের রাজধানী পারিস নগরে একাডেমির অফি-
সার; বেলজিয়মের বিজ্ঞান সাহিত্য শিল্পের রএল একাডেমির
এসোসিএট মেম্বর; আমষ্টারড্যামের সঙ্গীত বিদ্যার রএল
সোসাইটির করেস্পণ্ডিং মেম্বর; নিদারলণ্ডস্থ
হেগনগরীয় রএল ইন্‌ষ্টিটিউশন ও
এথ্‌নগ্রাফিকাল ভারতীয় ইন্‌ষ্টিটিউসনের ফরেন্ মেম্বর; ভেনিস নগরস্থ শিল্প বিদ্যালয়ের করেস্পণ্ডিং
মেম্বর; রোমের সেণ্টসিসিলিয়াস্থ রএল একাডেমির সোসিও অনরেরিও; ইটালির সোসাইটা
ডিডাস্কালিকার সোসিও অনরেরিও, ফ্লোরেন্সের রএল মিউজিকেল ইন্‌ষ্টিটিউটের একাডেমিকো
একাডেমিকো করস্পণ্ডেণ্টি; উর্ব্বিনোস্থ রাফেলো একাডেমির করেস্পণ্ডিং মেম্বর;
পারমার রএল বিশ্ববিদ্যালয়ের সোসিও বেনিমেরিটো; বোলোগ্নার ফিল-
হারমণিক সোসাইটির সোসিও অনরেরিও; গ্রীসের এথেন্স নগরের
আরচিওলজিকেল সোসাইটির মেম্বর; সিসিলি দ্বীপস্থ পালারমোর
রএল একাডেমির সোসিও অনরেরিও; সার্ডিনিয়া দ্বীপের
সেসেরি বিশ্ববিদ্যালয়ের পেট্রন; জাপানের ওনা-
কার ইম্পিরিএল একাডেমির মেম্বর;
ইত্যাদি ইত্যাদি ইত্যাদি
কর্ত্তৃক প্রণীত।

বঙ্গ সঙ্গীত বিদ্যালয়ের অন্যতর শিক্ষক

শ্রীকালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক

প্রকাশিত।

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা।

শ্রীযোগেন্দ্রনাথ বিদ্যারত্ন কর্ত্তৃক নূতন বাঙ্গালা যন্ত্রে

মুদ্রিত।

শ্রীযোগেন্দ্রনাথ বিদ্যারত্ন কর্ত্তৃক মুদ্রিত।

প্রথমবারের ভূমিকা।

এতদ্দেশীয়-বিবিধ-বিদ্যা-বিনাশক ধূমকেতু দুর্জ্জয় যবন জাতি ও ওস্তাদ্‌দিগের কুহক-কুজ্‌ঝটিকা-জালে আমাদিগের প্রাচীন সঙ্গীত বিদ্যাচলটী ঘোর আচ্ছন্ন থাকাপ্রযুক্ত তাহার পাদদেশ পর্য্যন্ত এতকাল শিক্ষার্থিদিগের বুদ্ধির দুরারোহপ্রায় রহিয়াছিল। কিছুদিন হইল আমাদিগের সঙ্গীতাচার্য্য পূজ্যপাদ শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী মহাশয় তদারোহণজন্য "সঙ্গীত-সার" সোপান প্রস্তুত করেন, তাহাতে সাধারণের সঙ্গীত-বিদ্যা-গিরি-শৃঙ্গে উঠিবার আর বাধা নাই। ঐ সোপান অবলম্বনে অনেকে এক্ষণে তদধিত্যকা পর্য্যন্তও সুখগম্য বোধ করিতেছেন, সেই সঙ্গীত-সার সোপান সুখে অবলোকিত হউক, এতদভিপ্রায়ে সঙ্গীত-বিদ্যা-বিদ্যোতক সুবিখ্যাত বিদ্যানুরাগী শ্রীল শ্রীযুক্ত রাজা শৌরীন্দ্র মোহন ঠাকুর বাহাদুর মহোদয় সম্প্রতি আবার এই "যন্ত্রক্ষেত্রদীপিকা" প্রস্তুত করিয়াছেন। এই গ্রন্থে সেতার যন্ত্রের অবয়ববিষয়ক বিবরণ, তাহার পূর্ব্বতন সংজ্ঞা, তাহার প্রতিকৃতি, ধারণনিয়ম, ষড়্‌জাদি সপ্তস্বর, তাহাদিগের লিখনপ্রণালী, কোন্ অঙ্গুলীতে কিপ্রকার রীতিতে আঘাত করিলে কিরূপ "বোল" ব্যক্ত হয়, তাহার নিয়ম, স্পর্শ, কৃন্তন, গমক, "আশ" ও মূর্চ্ছনা ইত্যাদিযোগে অনুলোম-বিলোম-সহকারে নানাবিধ সাধনপ্রণালী ও তদুপযোগী নানাবিধ গত যথানিয়মে বিশেষ রূপে লিখিত হইয়াছে, মন্থর-গতি, মণ্ডুক-গতি ইত্যাদি যে কয়েকটী গতি সঙ্গীতে সর্ব্বদা ব্যবহার হয়, তাহাদিগের নিয়ম, তালের সংক্ষিপ্ত বিবরণ

লঙ্কার, সংযোগালঙ্কার ও ছন্দোহলঙ্কারাদির নিয়ম যথারীতিতে ন্থে লিখিতে ত্রুটি হয় নাই, গ্রন্থের পরিশিষ্টে বিবিধ প্রাচীন ংগ্রহপূর্ব্বক রাজা বাহাদুর এই "যন্ত্রক্ষেত্রদীপিকা" দেদীপ্যমান দীপিকাবাহকতা আমাকেই দিয়াছেন, আমি ইহা মুদ্রিত ও ত করিলাম। এক্ষণে রাজা বাহাদুরের হাতযশ ও আমার কতদূর সফল হইয়া উঠে বলিতে পারি না ইতি।

শ্রীকালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়।

প্রকাশক।

দ্বিতীয়বারের ভূমিকা।

যন্ত্রক্ষেত্রদীপিকা প্রথমবারে যে পঞ্চ শত খণ্ড মুদ্রিত হয়, তাহা অতি অল্প দিনের মধ্যেই নিঃশেষ হইয়া গিয়াছে। অধুনা সঙ্গীত শাস্ত্রের বিশেষ আলোচনা, শিক্ষার্থিদিগের আন্তরিক ব্যগ্রতা দর্শনে বিশেষতঃ কতিপয় সঙ্গীতানুরাগী বন্ধুর অনুরোধে ইহা দ্বিতীয়বার মুদ্রিত ও প্রকাশিত হইল। ইতিপূর্ব্বে আমাদিগের দেশে লিখন দৃষ্টে সঙ্গীত শিক্ষা প্রণালী প্রচলিত না থাকাতে সহজে লোকের বোধগম্য করিবার জন্য ইহার প্রথম মুদ্রাঙ্কন সময়ে সঙ্গীতের প্রধান অঙ্গ ধাতুর (সপ্তস্বরের) উদারা, মুদারা ও তারা এই গ্রামত্রয়ভেদজ্ঞাপনার্থ তিনটী সরল রেখা এবং মাত্রাকাল সূক্ষ্মরূপে বিভাগ না করিয়া স্থূল ভাবে ব্যবহার করা হইয়াছিল। সম্প্রতি দেশের সে ভাব পরিবর্ত্তিত হওয়াতে (শিক্ষার্থিগণ লিখনদৃষ্টে সঙ্গীত শিক্ষার মর্ম্ম অবগত হওয়াতে) দ্বিতীয় সংস্করণে তিন রেখার পরিবর্ত্তে এক রেখা ও মাত্রাকালের সূক্ষ্মবিভাগ অবলম্বিত হইল।

ভ্রম, প্রমাদ, বিশেষতঃ বঙ্গ সঙ্গীত বিদ্যালয়স্থ ছাত্রগণের উত্তেজনায় ব্যস্ততানিবন্ধন প্রথম সংস্করণে যে যে স্থান অসংলগ্ন, অনাবশ্যক এবং অপরিপুষ্টাঙ্গ ছিল, দ্বিতীয় সংস্করণে গ্রন্থকর্ত্তা সেই সকল স্থান সংলগ্ন, পরিত্যাগ ও পূর্ণাঙ্গ করিতে যত্নের ত্রুটি করেন নাই, বলিতে পারি না কত দূর কৃতকার্য্য হইয়াছেন। প্রথম সংস্করণে এই গ্রন্থে ৯৪টী মাত্র গত ছিল. এবারে আরও ১০৮টী নূতন গত সংগ্রহ করিয়া দেওয়াতে গতের সংখ্যা ২০২ হইয়াছে, সুতরাং গ্রন্থের কলেবরও পূর্ব্বাপেক্ষা

অনেক বড় হইয়াছে। নূতন সংগৃহীত ১০৮টী গতের মধ্যে অধিকাংশ গতই গ্রন্থকার প্রস্তুত করিয়া দিয়াছেন। এস্থলে ইহাও বক্তব্য যে, অপরাপর ব্যক্তি হইতে সংগৃহীত গত সমূহের রাগের বিশুদ্ধতা পক্ষে গ্রন্থকার দায়ী নহেন। সঙ্গীত কুতূহলীগণ প্রথম সংস্করণের ন্যায় দ্বিতীয় সংস্করণের প্রতি সমাদর প্রকাশ করিলে গ্রন্থকার সমুদায় শ্রম ও যত্ন সফল জ্ঞান করিবেন।

পরিশেষে কৃতজ্ঞতা সহকারে প্রকাশ করিতেছি যে, বঙ্গসঙ্গীত বিদ্যালয়ের অন্যতর শিক্ষক শ্রীযুক্ত পণ্ডিত রামপ্রসন্ন শ্রুতিরত্ন মহাশয় এই গ্রন্থের দ্বিতীয় সংস্করণ সময়ে বিশেষ সাহায্য করিয়াছেন।

শ্রীকালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়।

প্রকাশক।

নির্ঘণ্ট।

বিষয়	পৃষ্ঠা।
অবয়ব	২
সেতারযন্ত্র	৫
ধারণ	৬
ষড়জাদি সপ্তস্বর	৭
স্বরলিপি প্রকরণ	ঐ
অঙ্গুলীর নিয়ম	১৩
সেতারের বোল ও আঘাতের নিয়ম	ঐ
অনুলোম ও বিলোম সাধন	১৫
পিত্তলের দ্বিতীয় তারে প্রকারান্তর স্বরগ্রাম সাধন	১৫
তালাদির নিয়ম	২৮
স্বরনিবন্ধনী প্রকরণ	৩৪
স্পার্শ	৪৬
কৃন্তন	৫৮
স্পার্শ-কৃন্তন	৭২
বিক্ষেপ ও প্রক্ষেপ	৮৬
গমক	৯১
ঘর্ষণ বা আশ	৯৮
মূর্চ্ছনা	১০৬
শ্রেষ্ঠালঙ্কার বা ছেড়	১৪৫
সংযোগালঙ্কার	১৭৮
ছন্দোঽলঙ্কার	২০৪
পরিশিষ্ট	২৪০

গতের সূচীপত্র।

সংখ্যা	যে রাগের গত	প্রণয়নকর্ত্তার নাম	পৃষ্ঠা
১	ঝুম	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৩৭
২	বৃন্দাবনী-সারঙ্গ	" " "	ঐ
৩	বিভাস	" " "	৩৮
৪	দেশ	" " "	ঐ
৫	দেবকিরী	" " "	৩৯
৬	গৌড়-সারঙ্গ	" " "	৪০
৭	খাম্বাবতী বা খাম্বাজ	" " "	ঐ
৮	ইমন্	" " "	৪১
৯	সিন্ধু	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৪২
১০	ঝিঁঝিট	" " "	৪৩
১১	পূরবী-গৌরী	" " "	ঐ
১২	ঝিঁঝিট	" " "	৪৪
১৩	ছায়ানট	" " "	৫০
১৪	খাম্বাজ	" " "	৫১
১৫	শুক্ল বেলাবলী (সুখল বেলাওল)	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৫২
১৬	খাম্বাজ	" " "	ঐ
১৭	দেও-ঝিঁঝিট	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৫৪
১৮	অরুণ-মল্লার	গ্রন্থকার	৫৫
১৯	সোহিনী-খাম্বাজ	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৫৬
২০	বৃন্দাবনী-সারঙ্গ	" " "	৫৭
২১	খাম্বাজ	" " "	৬১
			ঐ

সংখ্যা	যে রাগের গত	প্রণয়নকর্ত্তার নাম			পৃষ্ঠা
২৩	পাহাড়ী-ঝিঁঝিট	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী			৬২
২৪	সোহিনী-বাহার	„	„	„	৬৩
২৫	ভূপালী	গ্রন্থকার			৬৪
২৬	বৃন্দাবনী-সারঙ্গ	„			৬৫
২৭	ঝিঁঝিট-খাম্বাজ	„	„	„	৬৬
২৮	ইমন্	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী			৬৭
২৯	খাম্বাজ	„	„	„	৬৯
৩০	সিন্ধু-ভৈরবী	„	„	„	ঐ
৩১	সিন্ধু-ভৈরবী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী			৭৫
৩২	খাম্বাজ	„	„	„	৭৬
৩৩	মিশ্র-বারেঁায়া	„	„	„	৭৭
৩৪	মিশ্র-বেহাগ	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী			৭৮
৩৫	পূরবী	গ্রন্থকার			৭৯
৩৬	ইমন্	„	„	„	৮০
৩৭	ঝিঁঝিট	„	„	„	৮২
৩৮	লুম-ঝিঁঝিট	„	„	„	ঐ
৩৯	সোহিনী	„	„	„	৮৩
৪০	ঝিঁঝিট-খাম্বাজ	„	„	„	৮৫
৪১	ছায়ানট	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী			৮৮
৪২	ললিত	„	„	„	৮৯
৪৩	ভূপালী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী			৯০
৪৪	পরজ	„	„	„	৯২
৪৫	ভৈরবী	„	„	„	৯৩
৪৬	ইমন্	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী			৯৪
৪৭	ভৈরবী	„	„	„	৯৫
৪৮	সিন্ধু-ভৈরবী	„	„	„	১০০
৪৯	ঝিঁঝিট	„	„	„	১০১
৫০	সিন্ধু	„	„	„	১০২
৫১	ইমন্	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী			১০৪
৫২	পিলু	„	„	„	১১০
৫৩	বাংলা-খাম্বাজ	„	„	„	১১৫

সংখ্যা	যে রাগের গত	প্রণয়নকর্ত্তার নাম	পৃষ্ঠা
৫৪	ইমন্	॰ ॰ ॰	১১৬
৫৫	বেলাবলী	॰ ॰ ॰	১১৭
৫৬	ছায়ানট	॰ ॰ ॰	১১৮
৫৭	ইমন্	॰ ॰ ॰	১১৯
৫৮	দেশ	॰ ॰ ॰	১২০
৫৯	ইমন্-ভূপালী	॰ ॰ ॰	১২২
৬০	কামোদ	গ্রন্থকার	১২৩
৬১	কেদারা	॰ ॰ ॰	১২৫
৬২	দেশ-মল্লার	॰ ॰ ॰	১২৬
৬৩	পরজ	॰ ॰	১২৭
৬৪	বেহাগ	॰ ॰ ॰	১২৯
৬৫	কাফি-সিন্ধু	॰ ॰ ॰	১৩১
৬৬	কালাংড়া	॰ ॰ ॰	১৩২
৬৭	ইমন্-কল্যাণ	॰ ॰ ॰	১৩৩
৬৮	থাম্বাজ	॰ ॰ ॰	১৩৪
৬৯	সুরট	॰ ॰ ॰	১৩৬
৭০	কেদারা	॰ ॰ ॰	১৩৭
৭১	হাম্বির	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	১৩৮
৭২	ইমন্-কল্যাণ	॰ ॰ ॰	১৩৯
৭৩	জয়জয়ন্তী	॰ ॰ ॰	১৪০
৭৪	ইমন্-ভূপালী	॰ ॰ ॰	১৪১
৭৫	মিঞার মল্লার	॰ ॰ ॰	১৪২
৭৬	ইমন্-কল্যাণ	॰ ॰ ॰	১৪৯
৭৭	সিন্ধু	॰ ॰ ॰	১৫০
৭৮	যোগিঞা	॰ ॰ ॰	১৫১
৭৯	হাম্বির	॰ ॰ ॰	১৫২
৮০	গৌড়-সারঙ্গ	॰ ॰ ॰	১৫৩
৮১	সিন্ধু	॰ ॰ ॰	১৫৪
৮২	কেদারা	॰ ॰ ॰	১৫৫
৮৩	ভূপ-কল্যাণ	॰ ॰ ॰	১৫৭
৮৪	হাম্বির	গ্রন্থকার	১৫৯

সংখ্যা	যে রাগের গত	প্রণয়নকর্ত্তার নাম	পৃষ্ঠা
৮৫	কেদারা	গ্রন্থকার	১৬০
৮৬	গৌড়-সারঙ্গ	„	১৬২
৮৭	পুরবী	„	১৬৪
৮৮	ইমন্	„	১৬৬
৮৯	মেঘ	„	১৬৮
৯০	ইমন্-কল্যাণ	„	১৭০
৯১	বেহাগ	„	১৭২
৯২	ভূপালী	„	১৭৩
৯৩	ভূপালী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	১৮৫
৯৪	ভৈরবী	„ „ „	১৮৬
৯৫	লুমঝিঝিট	গ্রন্থকার	১৮৮
৯৬	বিভাস	„	১৯১
৯৭	সোহিনী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	১৯৮
৯৮	ললিত	„ „ „	১৯৯
৯৯	ইমন্-কল্যাণ	গ্রন্থকার	২০০
১০০	সিন্ধুড়া	০ ০ ০	২০২
১০১	মালশ্রী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	২৪৩
১০২	শ্রী	„ „ „	২৪৫
১০৩	সুরট	০ ০ ০	২৪৬
১০৪	জয়জয়ন্তী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	২৪৯
১০৫	কামোদ	০ ০ ০	২৫১
১০৬	মেঘ	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	২৫২
১০৭	বিভাস	গ্রন্থকার	২৫৪
১০৮	নটনারায়ণ	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	২৫৫
১০৯	সোহিনী-বাহার	„ „ „	২৫৭
১১০	পঞ্চম	„ „ „	২৫৯
১১১	ভৈরবী	গ্রন্থকার	২৬১
১১২	সিন্ধুড়া	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	২৬৩
১১৩	ভৈরবী	০ ০ ০	২৬৫
১১৪	হিণ্ডোল	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	২৬৭
১১৫	বেহাগ	গ্রন্থকার	২৬৮

সংখ্যা	যে রাগের গত	প্রণয়নকর্ত্তার নাম	পৃষ্ঠা
১১৬	মালব বা মারোয়া	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	২৭১
১১৭	সিন্ধু-ভৈরবী	„ „ „	২৭৩
১১৮	বসন্ত	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	২৭৫
১১৯	খাম্বাজ	„ „ „	২৭৭
১২০	ভৈরব	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	২৭৯
১২১	লুমঝিঝিট	„ „ „	২৮২
১২২	ছায়ানট	গ্রন্থকার	২৮৪
১২৩	ছায়ানট	„ „ „	২৮৮
১২৪	বৃহন্নট অথবা নটনারায়ণ	গ্রন্থকার	২৯০
১২৫	সুরট	„	২৯৩
১২৬	মূলতানী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	২৯৬
১২৭	ঝিঝিট-খাম্বাজ	„ „ „	২৯৮
১২৮	ভীমপলশ্রী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৩০০
১২৯	সুরট-খাম্বাজ	„ „ „	৩০২
১৩০	বেলাবলী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৩০৪
১৩১	পিলু	„ „ „	৩০৬
১৩২	তোড়ী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৩০৮
১৩৩	মুলতানী	„ „ „	৩০৯
১৩৪	গৌরী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৩১০
১৩৫	হাম্বির	গ্রন্থকার	৩১২
১৩৬	ইমন-পূরিয়া	„	৩১৪
১৩৭	গৌড়	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৩১৫
১৩৮	মালি-গৌরা	গ্রন্থকার	৩১৭
১৩৯	রামকেলী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৩১৯
১৪০	বাগীশ্বরী	„ „ „	৩২০
১৪১	তোড়ী	„ „ „	৩২২
১৪২	সারঙ্গ	গ্রন্থকার	৩২৪
১৪৩	যোগিঞা	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৩২৫
১৪৪	খট	„ „ „	৩২৭
১৪৫	আশাবরী	„ „ „	৩২৮
১৪৬	যোগিঞা	গ্রন্থকার	৩৩০

সংখ্যা	যে রাগের গত	প্রণয়নকর্ত্তার নাম	পৃষ্ঠা
১৪৭	গুজ্জরী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৩৩৩
১৪৮	আলাহিয়া	" " "	৩৩৪
১৪৯	সর্‌ফর্‌দা	" " "	৩৩৬
১৫০	কোকভ	" " "	৩৩৮
১৫১	দেওগিরী	" " "	৩৩৯
১৫২	বেলাবলী	" " "	৩৪১
১৫৩	বারোঁয়া	" " "	৩৪৩
১৫৪	ধানশ্রী	" " "	৩৪৪
১৫৫	পুরিয়া-ধানশ্রী	" " "	৩৪৬
১৫৬	বরাড়ী	" " "	৩৪৮
১৫৭	চিত্রা-গৌরী	" " "	৩৪৯
১৫৮	দেশ	০ ০ ০	৩৫০
১৫৯	শ্যাম	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৩৫২
১৬০	কামোদ	" " "	৩৫৩
১৬১	কল্যাণ	" " "	৩৫৪
১৬২	পুরিয়া	" " "	৩৫৬
১৬৩	জঁয়েৎ	" " "	৩৫৭
১৬৪	ইমন্‌-ভূপালী	০ ০ ০	৩৫৯
১৬৫	দেশ	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৩৬০
১৬৬	বিভাস	গ্রন্থকার	৩৬১
১৬৭	আলাহিয়া	"	৩৬৩
১৬৮	পাহাড়ী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৩৬৬
১৬৯	লুম	" " "	৩৬৭
১৭০	গারা	" " "	৩৬৮
১৭১	শঙ্করা	" " "	৩৬৯
১৭২	শঙ্করাভরণ	" " "	৩৭১
১৭৩	বাহার	" " "	৩৭২
১৭৪	ভৈরব	০ ০ ০	৩৭৪
১৭৫	দেশ	০ ০ ০	৩৭৬
১৭৬	কানাড়া	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী	৩৭৭
১৭৭	সাহানা	" " "	৩৭৮

সংখ্যা	যে রাগের গত	প্রণয়নকর্ত্তার নাম			পৃষ্ঠা।
১৭৮	আড়ানা	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী			৩৮০
১৭৯	বাহার	„	„	„	৩৮২
১৮০	কানাড়া	„	„	„	৩৮৪
১৮১	লুম	„	„		৩৮৫
১৮২	ঝিঝিট	„	„	„	৩৮৬
১৮৩	বেহাগ	„	„	„	৩৮৮
১৮৪	সুরট	গ্রন্থকার			৩৮৯
১৮৫	ভৈরবী	„	„	„	৩৯১
১৮৬	গারা	„	„	„	৩৯৩
১৮৭	সিন্ধুড়া	„	„	„	৩৯৪
১৮৮	মালকোশ	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী			৩৯৫
১৮৯	খাম্বাজ	„	„	„	৩৯৬
১৯০	ভূপালী	„	„	„	৩৯৭
১৯১	কর্ণাট	গ্রন্থকার			৩৯৮
১৯২	কেদারা	„	„	„	৪০০
১৯৩	পূরবী	„	„	„	৪০১
১৯৪	ঝিঝিট-খাম্বাজ	গ্রন্থকার			৪০৩
১৯৫	ভৈরবী	„	„	„	৪০৪
১৯৬	ভৈরব	„	„	„	৪০৬
১৯৭	ভৈরবী	„	„	„	৪০৭
১৯৮	বাগীশ্বরী	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী			৪০৮
১৯৯	ত্রিবণী	„	„	„	৪০৯
২০০	রামকেলী	„	„	„	৪১০
২০১	কানাড়া	গ্রন্থকার			৪১২
২০২	বিভাস	অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী			৪১৬

যন্ত্রক্ষেত্রদীপিকা।

"সঙ্গীতং দ্বিবিধং প্রোক্তং দৃশ্যং শ্রাব্যঞ্চ সূরিভিঃ ॥"

অপরঞ্চ

"গীতঞ্চ দ্বিবিধং প্রোক্তং যন্ত্রগাত্রবিভাগতঃ।
যন্ত্রং স্যাৎ বেণুবীণাদি গাত্রস্তু মুখজং মতং ॥"

পণ্ডিতগণ সংস্কৃত সঙ্গীত শাস্ত্রকে দৃশ্য ও শ্রাব্যভেদে দুইভাগে বিভক্ত করিয়াছেন। তন্মধ্যে দৃশ্যকে সামান্যতঃ নৃত্য এবং শ্রাব্যকে গীত বলিয়া পরিগণনা করেন। গীত আবার দুইভাগে বিভক্ত, যথা ;—যান্ত্রিক ও গাত্রিক অথবা কাণ্ঠিক। এই নিমিত্ত কেহ কেহ সঙ্গীতকে একেবারেই তিনভাগে বিভক্ত করিয়া থাকেন। আমাদের দেশে যন্ত্র, কণ্ঠ এবং শরীরের অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গ, সঙ্গীতসাধনের এই ত্রিবিধ উপায় নির্দ্ধারিত আছে। যন্ত্রদ্বারা বাদ্য বা যন্ত্রসঙ্গীত, কণ্ঠদ্বারা গান বা কণ্ঠসঙ্গীত এবং অঙ্গপ্রত্যঙ্গদ্বারা নৃত্যক্রিয়া সংসাধিত হইয়া থাকে। ইহার মধ্যে গানই সর্ব্বাপেক্ষা কঠিন, সুতরাং বহু আয়াস ও সময়সাধ্য। বাদ্যক্রিয়া যত্ন ও অভ্যাস করিলে অপেক্ষাকৃত স্বল্পতম আয়াসে আয়ত্ত হয়, আর তালবোধ থাকিলে বোধ হয়, বুদ্ধিমানেরা কিঞ্চিৎ উপদিষ্ট হইলেই নৃত্যের সারমর্ম্ম অল্পক্লেশে উপলব্ধি করিতে পারেন। কিন্তু বাদ্যসাধনই আমাদিগের এ পুস্তকের উদ্দেশ্য, সুতরাং অন্যান্য বিষয়ের বিচারণা পরিত্যাগ করিয়া তাহারই

বিষয় বিশেষরূপে বর্ণন করা যাইবে। আমাদের দেশে বাদ্য বা যন্ত্র-সঙ্গীতশিক্ষোপযোগী বিবিধ যন্ত্র আছে, কিন্তু তাহার মধ্যে সেতারনামক যন্ত্রে যেমন সহজে ও স্বল্পায়াসে এ বিদ্যা শিক্ষিত হয়, এমন আর কিছু-তেই হয় না। ইহার সারিকা অর্থাৎ পর্দাগুলি যথোচিত বিন্যস্ত থাকাতে ইহা প্রথম শিক্ষার্থীদিগের পক্ষে স্বরাদি, শুদ্ধ স্বরাদি কেন, রাগাদি বাজাইবারও নিতান্ত উপযোগী, অতএব যাঁহারা প্রথম সঙ্গীত শিক্ষা করিতে আরম্ভ করেন, তাঁহাদিগের পক্ষে সেতার যন্ত্রদ্বারাই অভ্যাস করা উচিত; তাহাতে কতক অভ্যাস হইলে সঙ্গীতে কতক অধিকার হয়। পরে অন্যান্য যন্ত্রে বা কণ্ঠে শিক্ষা ফলবতী হইতে পারে। অতএব আমরা সেতারশিক্ষাপ্রণালী অবলম্বন করিয়া এই গ্রন্থ লিখিতে আরম্ভ করি-লাম। বস্তুতঃ সেতারের অবয়বাদি অবগত হইলে জানা যায় যে, ইহা অপেক্ষা সহজ ও সম্পূর্ণ যন্ত্র এ দেশে প্রায় নাই। সেতারের অবয়বাদি বিশেষরূপে জানিতে পারিলে যন্ত্রবন্ধনের ও রাগাদি বাজাইবার বিশেষ সুবিধা হইবে বলিয়া অগ্রে তাহারই বর্ণন করা যাইতেছে।

অবয়ব।

আমাদের দেশে সেতার যন্ত্রের বহুল প্রচার, সুতরাং ইহার আকার প্রায় সকলেই জানেন, তজ্জন্য সমুদয় অবয়বের বর্ণনা না করিয়া শুদ্ধ যেগুলি বাদ্যক্রিয়ার বিশেষ উপযোগী, তাহাই বলা বিধেয়। এদেশ-প্রচলিত অধিকাংশ সেতার যন্ত্রেরই আকার তিন হস্তপরিমিত, কিন্তু তদপেক্ষা বৃহদাকারেরও ব্যবহার হইয়া থাকে। সেতারের খোল বা ধ্বনিকোষ, তবলী বা ধ্বনিপট্টক, দাণ্ডা বা দণ্ড, পট্‌রি বা অঙ্গুলি-পট্টক, কাণ বা কীলক, তার বা তন্ত্র, পস্থি বা শালায়নী, সওয়ারি বা তন্ত্রাসন, মানৃকা বা মানিকা, পর্দ্দা বা সারিকা, তাঁত বা তান্তবসূত্র এবং আড়ি বা সেতু এই গুলি বিশেষ প্রয়োজনীয়। এতদ্ভিন্ন অন্য যাহা কিছু আছে, তৎসমুদয়ই অলঙ্কারমাত্র।

সেতার যন্ত্র, খোল ও দাণ্ডা এই দুই প্রধান ভাগে বিভক্ত। খোল অপেক্ষাকৃত বিস্তৃত, অলাবু (লাউ) দ্বারা নির্ম্মিত, সুতরাং প্রায়ই

গোলাকার। খোলের উপরে নিবদ্ধ চক্রাকার কাষ্ঠফলককে তব্‌লী বলে; এই তব্‌লীর গোড়ায় যে অস্থি বা অন্য কোন ঘনপদার্থের এক খণ্ড আবদ্ধ থাকে, তাহার নাম পস্থি, ঐ পস্থিতে তার সকল সংযোজিত থাকে। পূর্ব্বোক্ত তব্‌লীর মধ্যস্থলে অস্থিনির্ম্মিত যে চতুষ্কোণ পদার্থ থাকে, তাহাকে সওয়ারি বলে; ইহার এক পার্শ্বে সারি সারি কয়েকটী খাঁজ আছে, তাহার উপর দিয়া তারগুলি গিয়া পস্থিতে আবদ্ধ হয়। তারের স্বর কিয়ৎপরিমাণে উচ্চ বা নিম্ন করিবার নিমিত্ত পস্থির সন্নিকটে সওয়ারির নিম্নে হস্তিদন্ত প্রভৃতি ঘন পদার্থনির্ম্মিত গোল বা অন্য আকারের যে পদার্থ থাকে, তাহাকে মান্‌কা বলে। মান্‌কা তব্‌লীর উপরে থাকে; ইহার ভিতর দিয়া নায়কী তার যায়, কেহ কেহ অপরাপর তারেও মান্‌কা ব্যবহার করিয়া থাকেন। এই তারের স্বর অল্প পরিমাণে চড়া বা নরম করিতে হইলে ইহাকে নিম্নে বা ঊর্দ্ধে সঞ্চালিত করিতে হয়। তব্‌লীতে এই কয়েকটীমাত্র থাকে। খোল ও তব্‌লীর সহিত যষ্টির ন্যায় যে এক দীর্ঘ, স্বল্প পরিসর ও শূন্যগর্ভ কাষ্ঠখণ্ড সংযোজিত থাকে, তাহার নাম দাণ্ডা; উহার পশ্চাদ্ভাগ প্রায়ই গোল এবং সম্মুখভাগ সমতল; এই সমতল ভাগকে সারিকাস্থান অথবা পট্‌রি বলে। ঐ পট্‌রির উপরে ধাতুনির্ম্মিত যে সকল পলতোলা রেখা সারি সারি বসান থাকে, তাহাদিগের প্রত্যেকের নাম পর্দ্দা, ইহাদের সংখ্যা কোন যন্ত্রে ষোল, কোন যন্ত্রে সতের; সতেরর অধিক প্রায়ই দৃষ্ট হয় না। এই পর্দ্দাগুলির বিন্যাস ইচ্ছামত হইতে পারে না; স্বরগ্রাম ও তৎপ্রসূতি দ্বাবিংশতি শ্রুতির অনুযায়ী করিয়া ইহাদিগকে বসাইতে হয়, সুতরাং ঐ পর্দ্দাগুলি পরস্পর সমব্যবধানেও থাকে না। উক্ত পর্দ্দাগুলির অব্যবহিত উপরেই যে দুই অস্থিফলক সমান্তরালভাবে বসান থাকে, তাহাদিগের উভয়কেই আড়ি বলে, অস্থিভিন্ন অন্য কোন কঠিন পদার্থেরও আড়ি হইতে পারে। ঐ আড়ির প্রথমখানি অপেক্ষাকৃত উচ্চ, অপরখানি কেবল তারগুলি সংযত করিবার জন্যই ব্যবহৃত হইয়া থাকে। ইহাদিগের পরেই কাণ। কাণের সংখ্যা পাঁচ,—কোন কোন সেতারে ইহার অধিকও দেখা

যায়। তন্মধ্যে দুইটী উপরে আর তিনটী বা ততোধিক পার্শ্বে সংলগ্ন থাকে; এগুলি অস্থির বা অন্য কোন কঠিন পদার্থেরও হইতে পারে। আর দাণ্ডার পশ্চাৎ ভাগে যে, এক একটী সূত্রগুচ্ছ দ্বারা প্রত্যেক সারিকা আবদ্ধ থাকে, তন্তুনির্ম্মিত বলিয়া তাহাদিগকে তান্তবসূত্র বলা যায়। কিন্তু সামান্য সূতা বা রেসমের দ্বারাও সারিকাবন্ধন হইতে পারে। শক্ত হইবে সুতরাং অনেক দিন যাইবে বলিয়া তান্তবসূত্রই সচরাচর ব্যবহৃত হয়। প্রত্যেক সারিকা ইচ্ছামত নড়ান যাইতে পারে, যে সকল সেতারের পর্দ্দা উচ্চ নীচ করিয়া নড়ান যায়, সে সকল সেতারের নাম সচলঠাট সেতার। এইরূপ পর্দ্দাচালন পদ্ধতি কেবল স্বরকে কোমল এবং তীব্র করিবার জন্য ব্যবহৃত হয়। এক্ষণে সেতারের অবয়ব একরূপ বলা হইল। ইহার উপর তার চড়াইলেই সেতার সম্পূর্ণ অবয়ব ধারণ করে।

সেতারের পূর্ব্বতন সংস্কৃত নাম ত্রিতন্ত্রী। তিনটী তন্ত্রবিশিষ্ট যে যন্ত্র, তাহাকেই সংস্কৃতভাষায় ত্রিতন্ত্রী বলে। বস্তুতও পূর্ব্বে ত্রিতন্ত্রীতে তিনটী করিয়া তার আবদ্ধ থাকিত, যেহেতু এখনও পশ্চিমদেশীয় কোন কোন সেতারে তিনটী তার সংলগ্ন থাকা দেখিতে পাওয়া যায়, কিন্তু ইহা অতি বিরল। যাহা হউক, যবন রাজাদিগের রাজত্বকালে সঙ্গীতের ক্রিয়াসিদ্ধাংশ উহাদিগের নিকট বিশেষ আদৃত হওয়াতে কেহ কেহ বলেন, আমাদিগের সংস্কৃত নামের ঐক্য রাখিয়া আমীর খস্‌রু এই ত্রিতন্ত্রীর "সেতার" আখ্যা প্রদান করেন। পারসিক ভাষায় "সে" শব্দের অর্থ তিন এবং "তার" শব্দের অর্থ তন্ত্র। যদিও এই যন্ত্রের সংস্কৃতানুযায়ী নাম ত্রিতন্ত্রী এবং পারসিক নাম সেতার এতদুভয় শব্দেরই অর্থগত ঐক্য আছে বটে, কিন্তু কার্য্যগত কোন ঐক্য সচরাচর দেখিতে পাওয়া যায় না। কারণ এক্ষণে ইহাতে সাধারণতঃ পাঁচটী তার যোজিত থাকে, এবং যন্ত্র বড় হইলে উক্ত পাঁচটী ব্যতীত আরও তিন চারিটী অপেক্ষাকৃত ক্ষুদ্র ক্ষুদ্র তার আবদ্ধ থাকা দেখিতে পাওয়া যায়, এই শেষোক্ত তারগুলির নাম চিকারী বা পার্শ্বতন্ত্রিকা। সংস্কৃতসঙ্গীতগ্রন্থকর্ত্তারা যে নানাবিধ বীণার নাম নির্দ্দেশ করিয়াছেন,

তন্মধ্যে ত্রিতন্ত্রীও অন্যতর বীণাজাতির মধ্যে পরিগণিত। তদনুসারে ইহার নাম ত্রিতন্ত্রী বীণা, আর এতদ্দেশে কচুয়া সেতার নামে চেপ্টা রকম একপ্রকার সেতারের ব্যবহার আছে, তাহার সংস্কৃত নাম কচ্ছপী বীণা। যাহাই হউক, ত্রিতন্ত্রী বীণা এবং কচ্ছপী বীণা এতদুভয়ই সর্ব্বসাধারণতঃ সেতার বলিয়া প্রসিদ্ধ।

আমাদিগের বর্ণ্যমান সেতারে পাঁচটী তার আবদ্ধ থাকিবে, উক্ত পাঁচটী তারের মধ্যে তিনটী পিত্তলের, অপর দুইটী পাকা লৌহনির্ম্মিত। সামান্যতঃ পিত্তলের তারগুলিকে কাঁচা, আর লৌহের দুটীকে পাকা তার বলে। ইহাদের মধ্যে চারিটী লৌহের হইলেও হানি নাই, কিন্তু একটী পিত্তলের অথবা অন্য কোন কাঁচা ধাতুর হওয়া আবশ্যক। কোন্ তারটী কোন্ স্বরে বাঁধা থাকে, শিক্ষার্থীদিগের সহজে বোধগম্য হইবার জন্য নিম্নভাগে একটী সেতারের প্রতিকৃতি অঙ্কিত হইল। ঐ সেতারের উপরিস্থিত তারজড়িত পাঁচটী কাণে এক, দুই করিয়া চিহ্ন নির্দ্দিষ্ট করা হইয়াছে।

সেতার যন্ত্র।



(২) এবং (৩) চিহ্নবিশিষ্ট তারদ্বয়কে স্বর করিয়া বাঁধা প্রসিদ্ধ, এই দুইটী তার প্রায়ই পিত্তলের হইয়া থাকে, এবং ঐ দুইটী তার সমস্বরে বাঁধার ব্যবহারহেতু উহাদের নাম জুড়ী, তাহার পর (১) চিহ্নবিশিষ্ট তারটীকে ঐ আবদ্ধ জুড়ীর মধ্যম করিয়া বাঁধা কর্ত্তব্য; এই তারটী পাকালৌহ ব্যতীত অপর কোন কাঁচা ধাতুর হইতে পারে না, এটীর নাম নায়কী অর্থাৎ প্রধান তার। চারিচিহ্নবিশিষ্ট তারটীও লৌহনির্ম্মিত, সমস্বরে আবদ্ধ উক্ত জুড়ীর অবলম্বনে এটী সচরাচর পঞ্চম করিয়া বাঁধা যায়, কিন্তু রাগবিশেষে ইচ্ছাধীন গান্ধার, মধ্যম ইত্যাদিও করা যাইতে পারে, ফলতঃ এ তারটী পঞ্চম বলিয়াই প্রসিদ্ধ। কথিত

হইল, পাঁচটী তারের মধ্যে চারিটী লৌহের হইলেও ক্ষতি নাই, কিন্তু একটী পিত্তলের অথবা অন্য কোন কাঁচা ধাতুর হওয়া উচিত, সেটী ঐ পাঁচচিহ্নবিশিষ্ট তার, ঐটীর নাম ষড়্জ। উহা, পূর্ব্বোক্ত আবদ্ধ জুড়ীর নিম্ন সপ্তকের ষড়্জ বা স্থর করিয়া বাঁধিতে হয়। এই তারটী পিত্তল অথবা অন্য কোন কাঁচা ধাতুর না হইলে নিম্নের ষড়্জ ভাল শোনায় না। কিন্তু "ছেড়" ভালরূপে বাজাইবার জন্য কেহ কেহ পঞ্চম তারকে চতুর্থ তারের স্থানে এবং চতুর্থকে পঞ্চমের স্থানে বসাইয়া থাকেন, কিন্তু সে স্থলেও উক্ত তারদ্বয় যে যে ধাতুর নির্ম্মিত বলিয়া উক্ত হইয়াছে, তাহার অথবা উহাদের নামের কিছুমাত্র ব্যতিক্রম হইবে না। কথিত হইয়াছে, কোন কোন সেতারবিশেষে পাঁচটীর অতিরিক্ত কাণও থাকে, ঐ কাণগুলি দাণ্ডার পার্শ্বে পার্শ্বে যোজিত থাকে এবং ঐ কাণগুলিতে প্রায়ই পাকা ক্ষুদ্র ক্ষুদ্র তার আবদ্ধ করা ব্যবহার আছে। এই চিকারীগুলি বাদক ইচ্ছাক্রমে বাঁধিয়া লন, তবে তাহার মধ্যে কথা এই, যখন ঐ চিকারীর কাণ যে পর্দ্দার পার্শ্বে যোজিত হয়, তখন ঐ পর্দ্দার অনুরূপ স্থর করিয়া বাঁধাই রীতি।

ধারণ।

সেতার যন্ত্র রীতিমত ধরিতে গেলে, খোলের পশ্চাদ্ভাগ ধারকের সম্মুখ দিকে থাকিবে, দক্ষিণ হস্তের মণিবন্ধ সহকারে তব্‌লীর পার্শ্বদিক্ চাপিয়া বাম হস্তে দাণ্ডাটীকে আল্গোছে হেলাইয়া রাখা কর্ত্তব্য। বাম হস্তের তর্জ্জনী প্রথম তারের উপর টিপিয়া মধ্যমাঙ্গুলী পট্রির উপর কুঞ্চিতভাবে আল্গোছে রাখিয়া বৃদ্ধাঙ্গুলী দাণ্ডার পশ্চাদ্ভাগে ঠেস রাখিবে। বাম হস্ত এমনি আল্গোছে থাকিবে, যেন ইচ্ছামত ইহাকে দাণ্ডার নিম্নে ও ঊর্দ্ধে অতি সহজে নামাইতে ও উঠাইতে পারা যায়। কেহ কেহ খোলের উপর হাঁটু দিয়া বাজান, কিন্তু ও প্রণালীতে বড় সেতারে রাগাদি ভালরূপে বাজান আমাদিগের মতে কিছু কষ্টকর বলিয়া বোধ হয়।

ষড়্‌জাদি সপ্তস্বর।

স্নিগ্ধ অথচ রঞ্জনগুণবিশিষ্ট ধ্বনিবিশেষের নাম স্বর। স্বরই সঙ্গীতের মূল। ষড়্‌জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত এবং নিষাদ এই সাতটী শুদ্ধস্বর। ইহাদের প্রত্যেককে এক একটী ধাতু বলে। সচরাচর কথোপকথনে প্রত্যেক স্বরের সাঙ্কেতিক নাম সা, ঋ, গ, ম, প, ধ ও নি মাত্র ব্যবহার করা যায়। কথিত সা, ঋ, গ, ম, প, ধ ও নি একত্র করিলে গ্রাম বা সপ্তক সংজ্ঞা হয়। সপ্তক অসংখ্য, কিন্তু মনুষ্যকণ্ঠে উদারা, মুদারা এবং তারা এই তিনটী মাত্র সপ্তক উত্তমরূপে সংসাধিত হইয়া থাকে। গ্রাম বা সপ্তক লিখিবার প্রণালী নিম্নে প্রদর্শিত হইতেছে।

স্বরলিপি-প্রকরণ।



উপরি লিখিত তিনটী সরল রেখার মধ্যে সকলের নিম্ন রেখাটীতে যে সাতটী স্বর লেখা আছে, ঐ কয়েকটী স্বর উদারা সপ্তকের, উদারা সপ্তক জ্ঞাপন জন্য ঐ রেখার আদিতে (উ) লেখা আছে। ঐ সরল রেখা তিনটীর মধ্যস্থিত রেখাটীতে মুদারা সপ্তকের স্বর কয়েকটী লেখা হইল, সেই জন্য উহার পূর্ব্বে (মু) দেওয়া আছে। আর সকলের উপরের রেখাটীতে তারা সপ্তকেরই সাতটী স্বর লেখা হেতু ঐ রেখার আদিভাগে (তা) নির্দ্দিষ্ট আছে। প্রাচীনকালে একমাত্র সরল রেখাতেই গ্রামত্রয় লিখিবার রীতি বিধিবদ্ধ ছিল। তদপেক্ষা অতি সহজে বোধগম্য হইবার জন্য উল্লিখিত প্রণালীতে পৃথক্ তিন রেখায় তিনটী গ্রাম লিখিবার পদ্ধতি আবিষ্কৃত করা যায়, কিন্তু ইহাতে নিরর্থক অনেক স্থান আবদ্ধ হয় বলিয়া আমরাও অতঃপর সেই প্রাচীন নিয়মানুমত এক রেখাতেই ত্রিসপ্তক লিপিবদ্ধ করিব। ঐ সপ্তকত্রয়ের পার্থক্যজ্ঞাপনার্থ উদারা সপ্তকের স্বরসমূহের নিম্নে এক একটী বিন্দু দেওয়া যাইবে,

মুদারা সপ্তকের স্বর যেমন তেমনি থাকিবে এবং তারা সপ্তকের স্বরের উপরিভাগে এক একটী বিন্দু যোগ করা যাইবে। যথা;—

সা ঋ গ ম প ধ নি সা ঋ গ ম প ধ নি সাঁ ঋঁ গঁ মঁ পঁ ধঁ নিঁ

এই প্রণালীতে শুদ্ধ ত্রিসপ্তক কেন, অনন্ত সপ্তক এক রেখাতে লেখা যাইতে পারিবে। কেবল মুদারার নিম্ন ও উচ্চ সপ্তকের সংখ্যানুসারে স্বরসমূহের নিম্নে ও উচ্চে বিন্দু দিলেই হইবে। যথা;—সা, সাঁ; এই দুইটী সার মধ্যে প্রথমটীদ্বারা উদারার নিম্ন সপ্তক এবং দ্বিতীয়টীদ্বারা তারার উচ্চ সপ্তক জানা যাইতেছে।

সেতার যন্ত্রে সচরাচর পূর্ণ উদারা মুদারা, এবং তারা সপ্তকের অর্দ্ধ অর্থাৎ সা, ঋ, গ ও ম পর্য্যন্ত এই আড়াই সপ্তকের অধিক প্রায় থাকে না। নিম্ন অঙ্কিত প্রতিমূর্ত্তির হস্তস্থিত সেতারের একাদি অঙ্কবিশিষ্ট সতেরখানি পর্দ্দার বিবরণ বিশেষরূপে হৃদয়ঙ্গম করিতে পারিলেই সেতার যন্ত্রে ঐ সার্দ্ধ দ্বিসপ্তক কি নিয়মে বিন্যস্ত থাকে ও সংসাধিত হয়, তাহা অনায়াসে বোধগম্য হইবে।

প্রথমে দক্ষিণ হস্তের তর্জ্জনীতে মিজ্‌রাপ পরিয়া সেতারটী বাম হস্তে যথানিয়মে ধরিতে হয়। তদনন্তর মিজ্‌রাপ দিয়া দুই চিহ্ন বিশিষ্ট জুড়ীর কাঁচা তার ছাড়িয়া আঘাত করিলে উদারার ষড়্‌জ হইবে, বাম হস্তের তর্জ্জনীদ্বারা ঐ কাঁচা তার দ্বিতীয় পর্দ্দায় চাপিয়া ঐরূপ আঘাত করিলে উদারার ঋষভ হইবে, বাম হস্তের মধ্যমাঙ্গুলীদ্বারা ঐ তার তৃতীয় পর্দ্দায় চাপিয়া আঘাত করিলে উদারার গান্ধার হইবে, নায়কী তার ছাড়িয়া আঘাত করিলে উদারার মধ্যম হইবে, নায়কী তার তর্জ্জনীদ্বারা দ্বিতীয় পর্দ্দায় চাপিয়া আঘাত করিলে উদারার পঞ্চম হইবে, নায়কী তার মধ্যমাঙ্গুলীদ্বারা তৃতীয় পর্দ্দায় চাপিয়া আঘাত করিলে উদারার ধৈবত হইবে এবং ঐ তার মধ্যমাঙ্গুলীদ্বারা পঞ্চম পর্দ্দায় চাপিয়া আঘাত করিলে উদারার নিষাদ হইবে। এই প্রণালীতে প্রথমে উদারা সপ্তকের স্বরগ্রাম স্থির হয়। পরে মধ্যমাঙ্গুলী দ্বারা নায়কী তার ষষ্ঠ পর্দ্দায় চাপিয়া আঘাত করিলে মুদারার ষড়্‌জ হইবে। ঐ নিয়মে সপ্তম পর্দ্দায় ঋষভ, অষ্টম পর্দ্দায় গান্ধার, নবম পর্দ্দায় মধ্যম, একাদশ পর্দ্দায় পঞ্চম, দ্বাদশ পর্দ্দায় ধৈবত, এবং ত্রয়োদশ পর্দ্দায় নিষাদ সম্পন্ন হয়। এই সাতটী স্বরকে মুদারা সপ্তকের স্বর কহে। সচরাচর গান বা বাদ্য আরম্ভসময়ে এই মুদারা সপ্তকই অবলম্বনীয়, ইহার বিশেষ কারণ সঙ্গীতসারে সপ্তকপ্রকরণে দ্রষ্টব্য। নায়কী তার মধ্যমাঙ্গুলীদ্বারা চতুর্দ্দশ পর্দ্দাতে চাপিয়া দক্ষিণ হস্তের মিজ্‌রাপযুক্ত তর্জ্জনীর আঘাত করিলে তারাগ্রামের ষড়্‌জ হইবে, পঞ্চদশ পর্দ্দায় তারার ঋষভ, ষোড়শ পর্দ্দাতে তারার গান্ধার, এবং সপ্তদশ পর্দ্দাতে তারার মধ্যম সম্পন্ন হয়। এই নিয়মে আড়াই সপ্তক সেতারে সম্পন্ন হইয়া থাকে। দক্ষিণ হস্তের আঘাতগুলি পর্দ্দা সকলের শেষে যে খালি স্থান আছে, সেইখানকার তারে হওয়া উচিত, তাহা না হইলে শব্দ উত্তমরূপে প্রকাশ পাইবে না। প্রথম, চতুর্থ এবং দশম এই তিনখানি পর্দ্দার স্বর প্রকৃত স্বর নহে। প্রথমখানির নাম উদারার কড়িমধ্যম, স্বাভাবিক মধ্যম হইতে এই স্বর কিঞ্চিৎ চড়া অর্থাৎ উচ্চ। যাবনিক ভাষায় কড়িশব্দে উচ্চতাকে বুঝায়। চতুর্থ পর্দ্দার স্বরের

নাম উদারার কোমল নিষাদ, অর্থাৎ ইহা স্বাভাবিক নিষাদ হইতে কিঞ্চিৎ ন্যূন। দশম পর্দ্দার স্বরটীর নাম মুদারার কড়িমধ্যম।

কোন তীব্র স্বরকে স্বরলিপিবদ্ধ করিতে হইলে পূর্ব্বোক্ত রেখাতে লিখিত প্রকৃত স্বরের মস্তকে এইরূপ (৮) পতাকা চিহ্ন দেওয়া যাইবে। যে স্বরের মস্তকে এইরূপ চিহ্ন থাকিবে, তাহাকে তীব্র স্বর বলিয়া জানা কর্ত্তব্য, পতাকা চিহ্নই তীব্রতাজ্ঞাপক চিহ্ন, কিন্তু যদ্যপি ঐ পতাকা চিহ্নটী আবার এইরূপ (৮) বিন্দুযুক্ত হয়, তবে তাহা অতিতীব্রতাজ্ঞাপক বলিয়া জানিতে হইবে। যে প্রকৃত স্বরের উপর এইরূপ (^) ত্রিকোণ চিহ্ন থাকিবে, সেটীকে কোমল স্বর বলিয়া জ্ঞান করা কর্ত্তব্য, কিন্তু যদ্যপি আবার ঐ ত্রিকোণ চিহ্নটী এইরূপ (^) বিন্দুযুক্ত হয়, তবে তাহাকে অতিকোমলতাজ্ঞাপক বলিয়া জানিতে হইবে।

সতেরখানি পর্দ্দাবিশিষ্ট সেতার যন্ত্রে উক্ত তীব্র এবং কোমল স্বর সহিত সার্দ্ধ দ্বিসপ্তকসন্নিবিষ্ট পূর্ণ উদারা এবং মুদারা সপ্তকের স্বর কয়েকটী ও তারা গ্রামের সা, ঋ, গ ও ম এই চারিটী স্বর মাত্র যে প্রকারে বিন্যস্ত থাকে, অবিকল সেইরূপ স্বরলিপি নিম্নে লিখিত হইতেছে।

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১ ১২ ১৩ ১৪ ১৫ ১৬ ১৭

সা ঋ গ ম ম প ধ নি নি সা ঋ গ ম ম প ধ নি সা ঋ গ ম

উদারা সপ্তকের সা, ঋ ও গ এই তিনটী স্বর পূর্ব্ব-কথিত নিয়মে কাঁচা তারে সাধন জন্য উহাদের মস্তকে কোন সংখ্যা অঙ্কিত হয় নাই। কথিত হইয়াছে নায়কী তার ছাড়িয়া আঘাত করিলে উদারার মধ্যম হইবে, সেই জন্য উদারার মধ্যমের উপর একাদি সংখ্যার প্রয়োজন করে না; প্রথম পর্দ্দা উদারার তীব্র মধ্যম হইতে আরম্ভ হইয়া সেতারে নাকি সংখ্যাতে সতেরখানি পর্দ্দা হইয়া থাকে, সেই জন্য ঐ কড়িমধ্যম হইতে একাদিক্রমে সতের পর্য্যন্ত সংখ্যা প্রত্যেক স্বরের মস্তকে লিখিত হইল। বস্তুতঃ স্বরলিপি মাত্রেই যে, প্রত্যেক স্বর একাদি সংখ্যাবিশিষ্ট করিয়া লিখিতে হইবে এমন নহে, কেবল সেতার যন্ত্রের পর্দ্দা

কয়েকখানির স্বরলিপির সহিত সম্বন্ধ, প্রথম পাঠার্থীদিগকে সহজে বুঝাইবার জন্য উপরি লিখিত স্বরগুলি একাদি সংখ্যাযোগে লিখিত হইয়াছে।

ষড়্জাদি সপ্ত স্বরের ঊর্দ্ধগতির নাম অনুলোম, যেমন সা, ঋ, গ, ম, প, ধ, ও নি। সপ্ত স্বরের অধোগতির নাম বিলোম, যেমন নি, ধ, প, ম, গ, ঋ, সা। গায়কেরা সচরাচর প্রথমোক্ত গতিকে আরোহী এবং শেষোক্তটীকে অবরোহী বলিয়া থাকেন। পূর্ব্বে কথিত হইয়াছে যে, সা, ঋ, গ ও ম ইত্যাদি সাতটী স্বরকে সাতটী ধাতু এবং ক-আদি বর্ণ উচ্চারণকালকে মাত্রা বলে। প্রাচীন পণ্ডিতদিগের মতে মাত্রা পাঁচ প্রকার, যথা; হ্রস্ব, দীর্ঘ, প্লুত, অর্দ্ধ এবং অণু। সহজে একটী মাত্র লঘু বর্ণ উচ্চারণ করিতে যে সময়ের আবশ্যক, তাহাকে একমাত্র অথবা হ্রস্বমাত্র কাল বলা যায়; তাহার চিহ্ন এইরূপ (।) এক একটী দণ্ড; উদাহরণ যথা;—সা ঋ ইত্যাদি। দুইটী লঘু বর্ণ সহজে উচ্চারণ করিতে যে সময়ের প্রয়োজন, সেই সময়ের নাম দ্বিমাত্র বা দীর্ঘমাত্র কাল; তাহার চিহ্ন এইরূপ (।।) দুইটী দণ্ড, উদাহরণ যথা;—সা ঋ ইত্যাদি। তিনটী লঘুবর্ণ উচ্চারণের যে সময়, তাহাকে ত্রিমাত্র অথবা প্লুতমাত্র কাল কহে, তাহার চিহ্ন এইরূপ (।।।) তিনটী দণ্ড, উদাহরণ যথা;—সা ঋ ইত্যাদি। তিন মাত্রার অতিরিক্ত মাত্রা হইলেও তাহাকে প্লুত মাত্রা বলা যায়। তিন মাত্রার অতিরিক্ত যত মাত্রা হইবে, সেই মাত্রার সংখ্যানুসারে উপরি উক্ত দণ্ড চিহ্ন কয়েকটীরও সংখ্যা নির্দ্দিষ্ট হইবে। মনে কর যেন কোন স্থানে ছয়মাত্র কালের প্রয়োজন আছে, সে স্থলে সেই ছয়টী মাত্রা লিখিবার জন্য ছয়টী দণ্ড চিহ্ন লিখিতে হইবে, উদাহরণ যথা;—সা ঋ ইত্যাদি। গানাদিতে প্লুত মাত্রারই অধিক প্রয়োজন দেখিতে পাওয়া যায়। এক মাত্রার অর্দ্ধেকটুকু সময়ের নাম ব্যঞ্জন বা অর্দ্ধমাত্র কাল, অথবা দুইটী অর্দ্ধ মাত্রা উচ্চারণে একমাত্র কাল সম্পন্ন হইয়া থাকে। এইরূপ (৺) অর্দ্ধচন্দ্র চিহ্নই অর্দ্ধমাত্রাকালজ্ঞাপক চিহ্ন; উদাহরণ যথা;—

সাঁ ঋাঁ ইত্যাদি। এই চিহ্নটী এক দুই ইত্যাদি মাত্রার সহিত একত্র লিখিবার সময় দণ্ড চিহ্নের পার্শ্বে পার্শ্বে থাকিবে, যেমন সাঁ ঋাঁ ইত্যাদি। গীতে কখন কখন অণুমাত্রা অর্থাৎ অর্দ্ধমাত্রার অর্দ্ধমাত্রা ব্যবহার দেখিতে পাওয়া যায়, দুইটী অণুমাত্রাতে একটী অর্দ্ধমাত্রা এবং চারিটী অণুমাত্রাতে একটী পূর্ণমাত্রা সম্পন্ন হইয়া থাকে। অণু-মাত্রার এইরূপ (×) ডমরু চিহ্ন, এই চিহ্নটীও অর্দ্ধমাত্রার অনুরূপভাবে লিখিত হইবে। যথা ;—সাঁ ঋাঁ, সাঁ ঋাঁ ইত্যাদি। প্রাচীন পণ্ডিতেরা উক্ত পাঁচপ্রকার মাত্রাদ্বারাই সঙ্গীতক্রিয়া লিপিবদ্ধ করিতেন, কিন্তু আমাদিগের বিবেচনায় উক্ত পঞ্চবিধ মাত্রাদ্বারা কখনই স্বর বা স্বর-সমূহের বিশেষ বিশেষ স্থিতিকাল সুন্দররূপে হৃদয়ঙ্গম হইতে পারে না, অতএব এ স্থলে আরও কয়েকটী মাত্রাজ্ঞাপক চিহ্ন প্রকটিত করা গেল। স্বর এক মাত্রার দুই তৃতীয়াংশ কাল স্থায়ী হইলে এইরূপ (↑) বাণ চিহ্ন, তৃতীয়াংশ কাল স্থায়ী হইলে এইরূপ (ᛘ) ত্রিশূল চিহ্ন, এবং অষ্টমাংশ কাল স্থায়ী হইলে এইরূপ (০) যব চিহ্ন ব্যবহার করা যাইবে ; এই সকল মাত্রা চিহ্নও স্বরের উপরে উপরে থাকিবে। যথা ;—সা ঋা গা ইত্যাদি। বোধ করি পূর্ব্বোক্ত পাঁচ প্রকার এবং এই ত্রিবিধ মাত্রার যোগেই স্বরলিপি অপেক্ষাকৃত বিশদ হইতে পারিবে। কথিত ধাতু এবং মাত্রা এতদুভয়ে মিলিত হইয়া প্রকাশ পাইলে তাহাকে প্রকৃত গীত বলা যায়।

গীত দুইপ্রকার, গাত্রজ এবং যন্ত্রজ। যে গীত মনুষ্যকণ্ঠে সুস্পষ্টরূপে উৎপাদিত হইয়া লোকের চিত্তরঞ্জন করে, তাহার নাম কণ্ঠগীত, আর যে গীত বীণা অথবা সেতারাদি যন্ত্রে প্রতিপন্ন হয়, তাহার নাম যন্ত্রগীত।

কথিত হইয়াছে কালজ্ঞাপক মাত্রাচিহ্ন প্রত্যেক সুরের উপরে উপরে দেওয়া থাকিবে, কিন্তু তালবিশেষের অনুরোধে এমনও হয় যে, দুইটী তিনটী অথবা তদতিরিক্ত সুরের উপর কোন মাত্রাচিহ্নই নাই, মাত্রাচিহ্নটী সর্ব্বশেষের সুরটীর উপর দেওয়া আছে, সেখানে একমাত্রা কালের মধ্যে সর্ব্বশেষ সুরটীর সহিত পূর্ব্ব সুরগুলি সমভাবে প্রকাশিত

হইবে। এবং সেই কয়েক স্বর এইরূপ (⌐¬) একটী ভগ্ন বন্ধনীদ্বারা পরস্পর সংলগ্ন থাকিবে। যেমন সা ঋ গ, এইরূপ ঘটনা প্রায় গতের পাদান্তেই হইয়া থাকে। যেখানে কোন স্বরের উপর মাত্রাচিহ্ন আছে, অথচ ঐ স্বরের পর একটী অথবা তদতিরিক্ত স্বরের উপর কোন মাত্রাচিহ্ন নাই, সে স্থলে পূর্ব্ব স্বরের উপরিস্থিত নির্দ্দিষ্ট মাত্রাকালের মধ্যে সমুদয় নির্মাত্র পর স্বরগুলি সমভাবে প্রকাশিত হইবে, এবং নির্মাত্র স্বরগুলি মাত্রাবিশিষ্ট স্বরের সহিত একটী বন্ধনীদ্বারা পরস্পর সংযত থাকিবে, যেমন সা ঋ গ ইত্যাদি। ছন্দের অনুরোধে কখন কখন এমনও হয় যে, মাত্রাচিহ্ন কোন স্বরের উপরে না থাকিয়া স্বরহীন খালি স্থানেও থাকে, সে স্থলে সেই মাত্রার অর্দ্ধ সময় বিশ্রাম এবং অবশিষ্ট অর্দ্ধ সময়ের মধ্যে পরবর্ত্তী স্বর বা স্বরসমূহ প্রকাশ করিতে হইবে। যথা;—সা সা ঋ ইত্যাদি।

অঙ্গুলীর নিয়ম।

সেতারবাদন আরম্ভ এবং স্বরের অধোগতির সময় বামহস্তের তর্জ্জনী এবং স্বরের ঊর্দ্ধগতির সময় মধ্যম অঙ্গুলীর ব্যবহার হইয়া থাকে।

সেতারের বোল ও আঘাতের নিয়ম।

যে সকল স্বরের নীচে (আ) চিহ্ন থাকিবে, সেই সেই স্বরে আঘাত হইবে, যেমন সা ঋ ইত্যাদি।
আ আ

সেতারবাদকেরা ডা, রা, ডি, রি, ডে, রে ইত্যাদি নানারূপ কাল্পনিক

বোল ব্যবহার করেন। ডা, রা, ডি, রি, ডে, রে ইত্যাদি বোলগুলি স্বরের নীচে নীচে লিখিত হইয়া থাকে (১) যেমন

সা	ঋ	গ	ম	প	ধ
ডা	রা	ডি	রি	ডে	রে

ইত্যাদি।

যে স্বরের নীচে ডা দেওয়া থাকিবে, সেখানকার আঘাত কোলের দিকে হওয়া উচিত, আর যে সকল স্বরের নীচে রা দেওয়া থাকিবে, সে সকল স্বরের আঘাত তাহার উল্‌টা দিকে অর্থাৎ ডার বিপরীত ভাবে হইবে। এইরূপ উল্‌টা আঘাত অর্থাৎ রার আঘাতের সময় নায়কী তারের সহিত জুড়ীর তারের ঝঙ্কার লাগা কর্ত্তব্য। ডা, ডে অথবা ডি এই তিনটী শব্দই এক কার্য্য প্রতিপাদক বলিয়া প্রসিদ্ধ, রা, রে অথবা রি এই তিনটী শব্দও সমান ফলদায়ক।

প্রথম শিক্ষার্থী সেতারীদিগকে সহজে বুঝাইবার এবং গত বাজাইবার জন্য ডা, রা, ডা, রা, ডে, রে, ডে, রে, ডি, রি, ডি, রি, ডাএরে, ডাএরে প্রভৃতি কতকগুলি কাল্পনিক বোল নির্দ্দিষ্ট আছে, তাহা না হইলে প্রথম সাধন অথবা গত শিক্ষা করা কঠিন। এই সকল বোল, লিখিত মাত্রানুযায়িক লঘু এবং গুরুরূপে ব্যবহৃত হইয়া থাকে। রাগ লিপিবদ্ধের সময় ডা, রা ইত্যাদি বোল লিখিত হয় না; সেখানে কেবল আঘাতের স্থানে (আ) লেখা যাইবে। যেহেতু রাগ বাজাইবার সময় বাদক আপন ইচ্ছানুসারে যেস্থানে কোলের দিকে আঘাত ভাল বোধ করিবেন, সেস্থলে তাহাই দিবেন, এবং যেস্থানে তদ্বিপরীত রা উত্তম বিবেচনা করেন, সেখানে তাহাই দিতে পারিবেন। রাগ বাজাইবার আঘাত কতক অংশে বাদকের সুবিধার উপর নির্ভর করে।

(১) ডা, রা, ডি, রি, ডে, রে ইত্যাদি বোল প্রথম সেতার সাধন এবং গতে ব্যবহার হয়, অপরঞ্চ রাগাদির আলাপে কেবল স্বরের নীচে নীচে (আ) মাত্র লিখিত হইয়া থাকে। ইহার বিশেষ বিবরণ অধ্যাপক শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী মহাশয়ের সঙ্গীতসারের গতপ্রকরণে এবং রাগপ্রকরণে দ্রষ্টব্য।

অনুলোম ও বিলোম সাধন ।

অনুলোম ।								বিলোম ।							
সা	ঋ	গ	ম	প	ধ	নি	র্সা	র্সা	নি	ধ	প	ম	গ	ঋ	সা
ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা

প্রথমে মুদারা গ্রামের স্বর সাতটী অনুলোম গতিতে এক মাত্রানুসারে ধীরে ধীরে এক একটী করিয়া স্পষ্টরূপে পুনঃ পুনঃ সাধন করা উচিত। তদনন্তর ঐ সাতটী স্বর বিলোমভাবে সাধিতে হইবে। এই রূপে পৃথগ্‌ভাবে অনুলোম ও বিলোম সাধন করিতে করিতে হস্তের জড়তা কিয়ৎপরিমাণে অপগত হইলে একেবারে অনুলোম ও বিলোম সাধন করা কর্ত্তব্য। অনন্তর অনুলোম এবং বিলোমসাধনের উদাহরণ যে যেরূপ প্রদর্শিত হইবে, তৎসমুদয়ই মাত্রানুযায়িক পৃথক্ রূপে প্রথমে অনুলোম, পরে বিলোম, তৎপরে অনুলোম এবং বিলোম উভয়মিশ্রণে সাধনরীতি অবলম্বিত হইবে। প্রথম উদাহরণের স্বরগুলি যতটুকু কাল অবলম্বন করিয়া সাধনা করিবে, পরে দ্বিমাত্রানুসারে যে সাধনগুলি লিখিত আছে, সেইগুলি উপরোক্ত কালের দ্বিগুণ কাল অবলম্বন করিয়া যথানিয়মে সাধন করিতে হইবে (১)।

অনুলোম ।								বিলোম ।							
সা	ঋ	গ	ম	প	ধ	নি	র্সা	র্সা	নি	ধ	প	ম	গ	ঋ	সা
ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা

(১) অধ্যাপক গোস্বামী মহাশয় বলেন, এক একমাত্র কাল গ্রহণজন্য যুবা মনুষ্যের স্বাভাবিক নাড়ীর এক একটী আঘাত গৃহীত হইবে, তদনুসারেই মাত্রাকাল স্থির করা কর্ত্তব্য। শিক্ষাকালে যদি কোন শিক্ষক উপস্থিত থাকেন, স্বাভাবিক নাড়ীর গতির সহিত মাত্রাগ্রহণকাল করতালদ্বারা দর্শাইয়া দিবেন, এবং পাদাঙ্গুলীর মৃদু আঘাতদ্বারা ছাত্রদিগকে বাদনকালে যথানির্দ্দিষ্ট মাত্রানুযায়িক কাল স্থির রাখিতে আদেশ করিবেন। আর যত দিন স্বরের নাম ও স্বরের সারিকাগুলি বিশেষরূপে বোধ না হয়, ত দিন পর্য্যন্ত সেই সঙ্গে স্বরগুলি মৃদুভাবে উচ্চারণ করিতে বিধি দিবেন। বাদন- ...দাঙ্গুলীর মৃদু আঘাতদ্বারা মাত্রা নির্দ্দিষ্ট রাখা সকল সময়েই প্রয়োজনীয়। মাত্রার ...বিবরণ সঙ্গীতসারে দ্রষ্টব্য।

অনুলোম। বিলোম।

সা ঋ গ ম প ধ নি র্সা — র্সা নি ধ প ম গ ঋ সা
ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম। বিলোম।

সা ঋ গ ম প ধ নি র্সা — র্সা নি ধ প ম গ ঋ সা
ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম। বিলোম।

সা ঋ গ ম প ধ নি র্সা — র্সা নি ধ প ম গ ঋ সা
ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

স্বরসমূহের মধ্যে মধ্যে সমমাত্রা ব্যবধানে যে, এক একটী লম্বমান সরল রেখা নির্দ্দিষ্ট থাকে, তাহাদিগকে বিভাজক রেখা বলে। প্রত্যেক পদের মধ্যে মধ্যে এক একটী, পদবিশেষের শেষে দুইটী করিয়া বিভাজক রেখা নির্দ্দিষ্ট থাকিবে, আর এইরূপ (❀) পদ্ম চিহ্ন দ্বারা কোন গতাদির সম্পূর্ণতা বুঝাইবে।

অনুলোম সাধন।

সা ঋ গ ঋ গ ম গ ম প ম প ধ প ধ নি ধ নি র্সা
ডা রা ডা ডা রা ডা ডা রা ডা ডা রা ডা ডা রা ডা ডা রা ডা

বিলোম সাধন।

র্সা নি ধ নি ধ প ধ প ম প ম গ ম গ ঋ গ
ডা রা ডা ডা রা ডা ডা রা ডা ডা রা ডা ডা রা ডা ডা

অনুলোম সাধন।

সা ঋ গ ম ঋ গ ম প গ ম প ধ ম প ধ নি প ধ নি সাঁ

ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

বিলোম সাধন।

সাঁ নি ধ প নি ধ প ম ধ প ম গ প ম গ ঋ ম গ ঋ সা

ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম সাধন

সা ঋ গ ম প ঋ গ ম প ধ গ ম প ধ নি ম প ধ নি সাঁ

ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

বিলোম সাধন।

সাঁ নি ধ প ম নি ধ প ম গ ধ প ম গ ঋ প ম গ ঋ সা

ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম সাধন।

সা ঋ সা সা ঋ গ ঋ সা সা ঋ গ ম গ ঋ সা সা ঋ গ ম প ম গ ঋ সা

ডা রা ডা ডা রা ডা রা ডা ডা রা ডা রা ডা রা ডা ডা রা ডা রা ডা রা ডা রা ডা

সা ঋ গ ম প ধ প ম গ ঋ সা সা ঋ গ ম প ধ নি ধ প ম গ ঋ সা

ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা

সা ঋ গ ম প ধ নি সাঁ সাঁ নি ধ প ম গ ঋ সা

ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

বিলোম সাধন।

সাঁ নি সাঁ সাঁ নি ধ নি সাঁ সাঁ নি ধ প ধ নি সাঁ সাঁ নি ধ প ম প ধ নি সাঁ

ডা রা ডা ডা রা ডা রা ডা ডা রা ডা রা ডা রা ডা ডা রা ডা রা ডা রা ডা রা ডা

সাঁ নি ধ প ম গ ম প ধ নি সাঁ সাঁ নি ধ প ম গ ঋ গ ম প ধ নি সাঁ

ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা

সাঁ নি ধ প ম গ ঋ সা সা ঋ গ ম প ধ নি সাঁ

ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম। বিলোম।

সা ঋ গ ম প ধ নি সাঁ সাঁ নি ধ প ম গ ঋ সা

ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম ও বিলোম সাধন।

সা ঋ গ ম প ধ নি সাঁ নি ধ প ম গ ঋ সা

ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা

অনুলোম। বিলোম।

সা ঋ গ ম প ধ নি সাঁ সাঁ নি ধ প ম গ ঋ সা

ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম ও বিলোম সাধন।

সা ঋ গ ম প ধ নি সাঁ নি ধ প ম গ ঋ সা

ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা

অনুলোম।						বিলোম।					
সা	ঋ	গ	ম	প	ধ	র্সা	নি	ধ	প	ম	গ
ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা

অনুলোম।							বিলোম।						
সা	ঋ	গ	ম	প	ধ	নি	নি	ধ	প	ম	গ	ঋ	সা
ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা

অনুলোম।								বিলোম।							
সা	ঋ	গ	ম	প	ধ	নি	র্সা	র্সা	নি	ধ	প	ম	গ	ঋ	সা
ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা

অনুলোম ও বিলোম সাধন।

সা	ঋ	গ	ম	প	ধ	নি	র্সা	নি	ধ	প	ম	গ	ঋ	সা
ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা

অনুলোম ও বিলোম সাধন।

সা	ঋ	গ	ম	প	ধ	নি	র্সা	নি	ধ	প	ম	গ	ঋ	সা
ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা

অনুলোম ও বিলোম সাধন।

সা	ঋ	গ	ম	প	ধ	নি	র্সা	নি	ধ	প	ম	গ	ঋ	সা
ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা

অনুলোম ও বিলোম সাধন।

সা	ঋ	গ	ম	প	ধ	নি	সা	সা	নি	ধ	প	ম	গ	ঋ	সা
ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা

অনুলোম ও বিলোম সাধন।

সা ঋ গ ম প ধ নি সাঁ সাঁ নি ধ প ম গ ঋ সা
ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম সাধন।

সা ঋ গ ম প ধ নি সাঁ
ডা রা ডা রা ডা রা ডা রা

বিলোম সাধন।

সাঁ নি ধ প ম গ ঋ সা
ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম সাধন।

সা ঋ গ ম প ধ নি সাঁ
ডা রা ডা রা ডা রা ডা রা

বিলোম সাধন।

সাঁ নি ধ প ম গ ঋ সা
ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম। বিলোম।

সা ঋ গ ম প ধ নি সাঁ সাঁ নি ধ প ম গ ঋ সা
ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম। বিলোম।

সা ঋ গ ম প ধ নি সাঁ সাঁ নি ধ প ম গ ঋ সা
ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম। বিলোম।

সা ঋ গ ম প ধ নি সা সা নি ধ প ম গ ঋ সা
ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম। বিলোম।

সাঁ ঋঁ গঁ মঁ পঁ ধঁ নি সাঁ সাঁ নি ধঁ পঁ মঁ গঁ ঋঁ সাঁ
ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম। বিলোম।

সা ঋ গ ম প ধ নি সা সা নি ধ প ম গ ঋ সা
ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম। বিলোম।

সা ঋ গ ম প ধ নি সা সা নি ধ প ম গ ঋ সা
ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম। বিলোম।

সা ঋ গ ম প ধ নি সা সা নি ধ প ম গ ঋ সা
ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম সাধন।

সা সা ঋ ঋ গ গ ম ম প প ধ ধ নি নি সা সা
ডা র ডা র ডা র ডা র ডা র ডা র ডা র ডা র

বিলোম সাধন।

নি নি ধ ধ প প ম ম গ গ ঋ ঋ সা সা
ডা র ডা র ডা র ডা র ডা র ডা র ডা র

অনুলোম ও বিলোম সাধন।

সা	ঋ	গ	ম	প	ধ	নি	সা	নি	ধ	প	ম	গ	ঋ	সা
ডা	র	ডা	র	ডা	ডা	র	ডা	র	ডা	ডা	র	ডা	র	ডা

অনুলোম ও বিলোম সাধন।

সাঁ	ঋ	গঁ	ম	পঁ	ধঁ	নি	সাঁ	নি	ধঁ	পঁ	ম	গঁ	ঋ	সাঁ
ডা	র	ডা	র	ডা	ডা	র	ডা	র	ডা	ডা	র	ডা	র	ডা

অনুলোম সাধন।

সাঁ	সা	ঋঁ	ঋ	গঁ	মঁ	ম	পঁ	প	ধঁ	নি	নি	সাঁ	সা	সাঁ
ডা	র	ডা	র	ডা	ডা	র	ডা	র	ডা	ডা	র	ডা	র	ডা

বিলোম সাধন।

সাঁ	সা	নি	নি	ধঁ	পঁ	প	মঁ	ম	গঁ	ঋঁ	ঋ	সাঁ	সা	সাঁ
ডা	র	ডা	র	ডা	ডা	র	ডা	র	ডা	ডা	র	ডা	র	ডা

যে সকল সাধন পূর্ব্বে সাধিত হইল, সে সমুদয়গুলি মুদারার, অর্থাৎ মধ্য সপ্তকের। এক্ষণে যথানিয়মে উদারা সপ্তক সাধন কর্ত্তব্য। মুদারা সপ্তকে যে সাতটী স্বর নির্দ্দিষ্ট আছে, উদারা সপ্তকেও সেই সাত স্বর ভিন্ন অপর আর কিছুই নাই, কেবল স্থানগত ভেদজন্য স্বরের নিম্নতা ও উচ্চতা নিবন্ধন পরস্পরকে ভিন্ন বলিয়া বোধ হইয়া থাকে, বাস্তবিক উভয়ে পৃথক্ নহে। এবং তারা সপ্তকেও ঐরূপ জানিবে। বস্তুতঃ সাতটী স্বরের অধিক প্রকৃত স্বর কখনই হয় না (১)। সাত স্বরের অধিক আটটী করিতে গেলে পূর্ব্ব সপ্তকের ষড়্জের সহিত মিলিয়া যায়, এতদ্বিষয়ক অনেক প্রমাণ ইংরাজী ধ্বনিবিৎ পণ্ডিতেরাও প্রদর্শন

(১) ইহার অন্যান্য বিবরণ সঙ্গীতসারে দ্রষ্টব্য।

করিয়াছেন। তাঁহারা বলেন, এক সেকেণ্ড অথবা ১১/৩ মাত্রাকালমধ্যে ৩২ বার ভাইব্রেসন্ (Vibration.) অর্থাৎ কম্পন বা অনুরণন ব্যতীত একটী স্বর অর্থাৎ সঙ্গীতধ্বনি নিষ্পন্ন হয় না। স্বরগ্রাম বা সপ্তকের প্রসূতির স্বরূপ বাইশটী শ্রুতি পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে। সংস্কৃত-সঙ্গীতগ্রন্থকর্ত্তারা বলেন যে, ষড়্জে চারিটী, ঋষভে তিনটী, গান্ধারে দুইটী, মধ্যমে চারিটী, পঞ্চমে চারিটী, ধৈবতে তিনটী ও নিষাদে দুইটী শ্রুতি পাওয়া যায়। ষড়্জ হইতে আরম্ভ করিয়া নিষাদ পর্য্যন্ত যে কয়েকটী স্বরের নাম উল্লেখ করা গেল, ঐ কয়েকটী স্বরেই দ্বাবিংশতিশ্রুতিসম্ভূত একটী পূর্ণ স্বরগ্রাম হয়। নিষাদের অব্যবহিত পরেই যে ষড়্জ, ঐ ষড়্জটী পূর্ব্ব ষড়্জের সপ্তকৈকমাত্র উচ্চ বলিয়া প্রতিপন্ন হয়। যদ্যপি এস্থলে বিবেচনা করা যায় যে, ১১/৩ মাত্রাকালমধ্যে অন্যূন বত্রিশবার অনুরণনে একটী স্বর সম্পন্ন হইয়া থাকে, তবে সপ্তকান্তরের ষড়্জে যাইতে গেলে সেই নির্দ্দিষ্ট মাত্রাকালমধ্যে তদ্দিগুণ অর্থাৎ চতুঃষষ্টিবার অনুরণনের অবশ্যই প্রয়োজন হইবে (১)। প্রত্যেক উচ্চ সপ্তকে যদ্যপি দ্বিগুণ করিয়া অনুরণন বৃদ্ধি হইয়া যায়, তাহা হইলে কোন ষড়্জ তাহার সপ্তকৈক উচ্চ বা নিম্নের ষড়্জের অর্দ্ধ বা দ্বিগুণ অনুরণনজনিত সমস্বর বলিয়া অনুভূত হইবে, তদ্ভিন্ন তাহার শ্রুতিসংখ্যা বা নামভেদ কিছুই প্রতিপন্ন হইবে না।

এস্থলে শিক্ষার্থীরা প্রশ্ন করিতে পারেন যে, উদারা সপ্তক না সাধাইয়া মধ্য সপ্তক সর্ব্বাগ্রে সাধনের তাৎপর্য্য কি ? উদারা সপ্তকে না কি পিত্তলের তারের প্রয়োজন হয়, আরব্ধিদিগের পক্ষে প্রথমেই

(১) পণ্ডিতেরা নাড়ীর এক এক আঘাতের সহিত এক এক মাত্রাকাল স্থির করেন, ইহার বিশেষ প্রমাণ সঙ্গীতসারে লিখিত আছে। এক মিনিটকালের মধ্যে যুবা পুরুষের স্বাভাবিক নাড়ীর গতি অন্যূন অশীতিবার হইয়া থাকে এবং উক্ত এক মিনিটকাল ষষ্টি সেকেণ্ড দ্বারা সাব্যস্ত হয় ; এস্থলে বিবেচ্য এই যে, অশীতি মাত্রা এবং ষষ্টি সেকেণ্ড, এই উভয়ই সমকালসাপেক্ষ, কিন্তু প্রত্যেক সেকেণ্ডকালে কত টুকু মাত্রা আবশ্যক করে, তাহা দেখিতে গেলে অশীতি মাত্রাকে ষষ্টি সেকেণ্ডদ্বারা ভাগ করিতে হয়, তাহা হইলে তাহার ফল অর্থাৎ প্রত্যেক সেকেণ্ডের প্রতি ১১/৩ মাত্রা আবশ্যক করিবে।

কাঁচাতারে অঙ্গুলী সঞ্চালনা অপেক্ষাকৃত কষ্টসাধ্য বলিয়া বোধ হওয়াতে প্রথমেই মুদারা সপ্তক দেওয়া হইয়াছে। মুদারা সপ্তক সাধনে হস্তের কিঞ্চিৎ জড়তা ভাঙ্গিলে পর উদারা সপ্তক সাধন করা কর্ত্তব্য।

উদারা সপ্তকসাধন।

অনুলোম।									বিলোম।							
সা	ঋ	গ	ম	প	ধ	নি	সা		সা	নি	ধ	প	ম	গ	ঋ	সা
ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা		ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা

শিক্ষকেরা শিক্ষার্থীদিগের হস্তের জড়তা-অপগমের জন্য উদারা সপ্তকেও পূর্ব্ব-সাধিত মুদারা সপ্তকের কতকগুলি সাধনা যথানিয়মে ছাত্রদিগকে পুনরভ্যাস করাইবেন।

কথিত হইয়াছে যে, সপ্ত স্বর কোমল বা তীব্রভাবে বিকৃত হয়। স্বর সাতটী বিকৃত হইলে প্রত্যেক স্বরগ্রামে সংখ্যায় দ্বাদশটী করিয়া হইয়া থাকে (১)। যথা :—

বিকৃত স্বরগ্রাম।

অনুলোম।

সা	ঋ	ঋ	গ	গ	ম	ম	প	ধ	ধ	নি	নি
ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা

বিলোম।

নি	নি	ধ	ধ	প	ম	ম	গ	গ	ঋ	ঋ	সা
ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	রা

(১) ততঃ সপ্ত স্বরাঃ শুদ্ধা বিকৃতা দ্বাদশাপ্যমী। ইতি সঙ্গীতদর্পণঃ।

অপি চ এ স্থলে একটী অচল ঠাটের সেতার আনাইয়া এই বিকৃত স্বরের বিষয়টী বিশেষরূপে ছাত্রদিগকে বুঝাইয়া দেওয়া শিক্ষকদিগের কর্ত্তব্য।

বিকৃত স্বরগ্রামে ছাত্রেরা দেখিবেন যে, মধ্যম স্বর কোমলভাবে বিকৃত না হইয়া তীব্রভাবে বিকৃত হইয়াছে, সেইজন্য উহার মস্তকে পতাকা-চিহ্নও দেওয়া আছে। তাহার কারণ, কোমল মধ্যম বলিয়া কোন একটী স্বর আমাদিগের দেশে প্রচলিত নাই। আমাদের দেশাচারানুসারে মধ্যম তীব্রভাবেই বিকৃত হইয়া থাকে, ফলতঃ পঞ্চমকে কোমল করিলেও যে ফল, মধ্যমকে তীব্র করিলেও সেই ফল দর্শে। তবে কোমল পঞ্চম বলিয়া ব্যবহার করা আমাদের রীতি নাই, কিন্তু ইউরোপে কোমল পঞ্চম বলিয়া ব্যবহার করার প্রথা আছে; যাহাই হউক, তাহাতে কার্য্যগত কোন বিশেষ হানি নাই। অন্যান্য স্বরের পক্ষেও এইরূপ (১)। ঋষভাদি অপর ছয়টী স্বরের আশ্রয়, অর্থাৎ গ্রামস্থান বলিয়া ষড়্জ কোমল বা তীব্রভাবে বিকৃত হয় না, ঐ সর্ব্বপ্রধান স্বর ষড়্জ সর্ব্বদাই প্রকৃতিস্থ থাকে।

পিত্তলের দ্বিতীয় তারে প্রকারান্তর স্বরগ্রামসাধন।

যে সকল স্বর পূর্ব্বে পাকা অর্থাৎ নায়কী তারে সাধিত হইয়াছে, সেই সকল স্বর যদি কাঁচা তারে সাধিতে হয়, তাহা হইলে তৎসমুদায় স্বরলিপিবদ্ধ করিবার সময় তাহাদিগের মস্তকোপরি এইরূপ [▫] চতুষ্কোণ চিহ্ন ব্যবহার করা যাইবে। পূর্ব্বে বলা হইয়াছে যে, দুই চিহ্ন বিশিষ্ট কাঁচা তার ছাড়িয়া আঘাত করিলে উদারার ষড়্জ হইবে, ঐ তার বাম হস্তের তর্জনীদ্বারা দ্বিতীয় পর্দ্দায় চাপিয়া আঘাত করিলে উদারার ঋষভ, তৃতীয় পর্দ্দায় চাপিয়া আঘাত করিলে উদারার গান্ধার হইবে। নায়কী তার ছাড়িয়া আঘাত করিলে উদারার মধ্যম হয়, কিন্তু দ্বিতীয় তার চতুর্থ পর্দ্দায় চাপিয়া আঘাত করিলেও ঐ মধ্যম

(১) অর্থাৎ যে কোন স্বরকে কোমল করা যাউক না কেন, তাহার অব্যবহিত পূর্ব্ব স্বরকে তীব্র করিলেও সমান ফল দর্শে। শিক্ষক এই স্থলে এইটী সেতারে দেখাইয়া সপ্রমাণ করিয়া দিবেন।

হইবে। নায়কী তার দ্বিতীয় পর্দ্দায় চাপিয়া আঘাত করিলে যে পঞ্চম হয়, দ্বিতীয় তার ষষ্ঠ পর্দ্দায় চাপিয়া আঘাত করিলেও সেই পঞ্চম প্রদর্শিত হইবে। নায়কী তার তৃতীয় পর্দ্দায় চাপিয়া আঘাত করিলে উদারার ধৈবত হয়, দ্বিতীয় তার সপ্তম পর্দ্দায় চাপিয়া আঘাত করিলেও উদারার ধৈবত হইবে। নায়কী তার পঞ্চম পর্দ্দায় চাপিয়া আঘাত করিলে উদারার নিষাদ হয়, দ্বিতীয় তার অষ্টম পর্দ্দায় চাপিয়া আঘাত করিলেও উদারার নিষাদ হইবে। এইরূপে দ্বিতীয় তারের দ্বারা নবম পর্দ্দায় মুদারার ষড়্জ, একাদশ পর্দ্দায় ঋষভ, দ্বাদশ পর্দ্দায় গান্ধার, ত্রয়োদশ পর্দ্দায় মধ্যম, (১) চতুর্দ্দশ পর্দ্দায় পঞ্চম, পঞ্চদশ পর্দ্দায় ধৈবত এবং ষোড়শ পর্দ্দায় নিষাদ স্বর সম্পন্ন হইয়া থাকে।

প্রথম, পঞ্চম ও দশম এই তিনখানি পর্দ্দায় কাঁচা তার চাপিয়া আঘাত করিলে ক্রমান্বয়ে উদারার কোমল ঋষভ, উদারার কড়ি মধ্যম ও মুদারার কোমল ঋষভ সম্পন্ন হয়। এই নিয়মে কাঁচা তারে মুদারাগ্রাম সম্পূর্ণরূপে সংসাধিত হইয়া থাকে; কিন্তু উক্ত নিয়মে যে সমুদায় স্বর সাধিত হয়, শ্রুতিবিভাগানুসারে বিচার করিয়া দেখিতে গেলে সমুদায়গুলি ঠিক প্রকৃত স্বর হয় না, কোন কোনটী প্রায়ই কিছু কিছু তীব্রভাব ধারণ করে। বাহুল্যভয়ে বা তত বিশেষ প্রয়োজন বোধ না হওয়াতে এস্থলে তাহার বিচার উপেক্ষিত হইল।

সেতার যন্ত্রে সচরাচর যে ষোল বা সতরখানি পর্দ্দা থাকে, তদ্দারা পূর্ণ উদারা, মুদারা ও তারার অর্দ্ধ, এই সার্দ্ধ-দ্বিসপ্তক স্বর প্রতিপন্ন হইয়া থাকে, কিন্তু শুদ্ধ কাঁচা তারে স্বরসাধন করিতে হইলে উদারা ও মুদারা এই দুই সপ্তকের অধিক স্বর পাওয়া যায় না। যে সেতারে সতরখানি পর্দ্দা আবদ্ধ থাকে, তাহাতে বড় অধিক তারার ষড়্জ পর্য্যন্ত মাত্র পাওয়া যাইতে পারে। এস্থলে কেহ কেহ এরূপ বলিতে পারেন যে, শুদ্ধ কাঁচা তারসাধনে যদি সার্দ্ধ-দ্বিসপ্তক না পাওয়া যায়, তাহা হইলে নায়কী তার পরিত্যাগ করিয়া স্বতন্ত্ররূপে কাঁচা তারে আবার

(১) এই পর্দ্দাখানি কিঞ্চিৎ কোমল করিয়া লওয়া কর্ত্তব্য।

স্বরগ্রাম সাধনের কারণ কি ? তাহার তাৎপর্য্য এই যে, পাকা লৌহ-নির্ম্মিত নায়কী তারের ধ্বনি অপেক্ষা পিত্তল-নির্ম্মিত কাঁচা তারের ধ্বনি কিঞ্চিৎ মৃদু ও শ্রবণমধুর হয়। বাদ্যের অলঙ্কারের জন্য সময়ে সময়ে ধ্বনির মৃদুতা ও উগ্রতার প্রয়োজন হইয়া থাকে। নায়কী তার সম্বন্ধীয় আঘাতগুলি কিঞ্চিৎ উগ্রস্বর (১) প্রকাশক এবং কাঁচা তারের আঘাতনিচয় কিঞ্চিৎ মৃদু (২) স্বরপ্রকাশক হয়; এই নিমিত্তই পুনরায় কাঁচা তারে রীতিপূর্ব্বক স্বরগ্রাম সাধাইবার প্রয়োজন হইল (৩)।

পিত্তলতারে মৃদুস্বরসাধন।

অনুলোম। বিলোম।

সা ঋ গ ম প ধ নি সাঁ — সাঁ নি ধ প ম গ ঋ সা

ডা রা ডা রা ডা রা ডা রা — ডা রা ডা রা ডা রা ডা রা

অনুলোম। বিলোম।

সা ঋ গ ম প ধ নি সাঁ — সাঁ নি ধ প ম গ ঋ সা

ডা রা ডা রা ডা রা ডা রা — ডা রা ডা রা ডা রা ডা রা

যদ্যপি নায়কী তারে মৃদুস্বরের আবশ্যক হয়, তাহা হইলে যে সুর হইতে যে সুর পর্য্যন্ত ঐরূপ কার্য্যের প্রয়োজন হইবে, সেই পূর্ব্বসুর হইতে পর সুর পর্য্যন্ত প্রত্যেক সুরের মস্তকে এইরূপ (···) বিন্দুরেখা চিহ্ন থাকিবে, যেমন:—

সা ঋ গ ম প ধ নি সাঁ

ডা রা ডা রা ডা রা ডা রা

। নায়কী তারে এইরূপ মৃদু ধ্বনি প্রকাশ করা কেবল মৃদু আঘাতদ্বারা সম্পাদিত

(১) Loud

(২) Soft

(৩) ছাত্রদের সংস্কার দৃঢ় করণজন্য শিক্ষার সঙ্গে সঙ্গে প্রত্যেক স্বরগ্রাম এবং সমুদয় সাধনাগুলির আনুপূর্ব্বিক স্বরলিপি করাণ শিক্ষকের কর্ত্তব্য।

হইয়া থাকে। "গৎ" বাদনসময়ে যদ্যপি উগ্র এবং মৃদু না করিয়া সমুদয় আঘাত সমভাবে দেওয়া যায়, তাহা হইলে নিতান্ত শ্রুতি-কঠোর এবং নিরলঙ্কৃত বোধ হইবে। বস্তুতঃ এইরূপ কার্য্য কেবল গৎ বা গীতাদির বিশেষ অলঙ্কার জন্য।

ইতি স্বরসাধনপ্রকরণ সমাপ্ত।

তালাদির নিয়ম।

অখণ্ড কালকে এক, দ্বি, ত্রি ইত্যাদি মাত্রা সংখ্যানুসারে ছন্দোগত করিয়া বিভাগ করার নাম তাল। ঐ সকল মাত্রার সংখ্যাবিশেষে, লঘু গুরু ভেদে এবং ছন্দ ও সমাদির বিভিন্নতানুসারে তালবিশেষের নাম নির্দ্দিষ্ট হইয়া থাকে। তাল দিবার সময় আঘাত এবং বিরাম (যাহাকে সচরাচর ফাঁক বলে) এই দুইটীরই প্রয়োজন সর্ব্বদা দৃষ্ট হয়। উভয় কর মৃদুবল-সহকারে সংযত করিলে যে আঘাত হয়, তাহাকে সচরাচর তাল কহে; আর উভয় কর সংযত না করিয়া শুদ্ধ মাত্র উত্থান করিলে ফাঁক প্রতিপন্ন হইবে। আঘাতের এইরূপ (১) এক অঙ্কচিহ্ন এবং ফাঁকের অর্থাৎ যে স্থানে আঘাত না হইবে, তাহার এইরূপ (০) বিন্দুচিহ্ন নির্দ্দিষ্ট আছে। এই উভয়বিধ চিহ্নই মাত্রা-চিহ্নদণ্ডের উপরে উপরে থাকিবে, যেমন:—$\overset{১}{\text{সা}}\ \ \overset{০}{\text{ঋ}}$ ইত্যাদি। বস্তুতঃ তালটী ছন্দোব্যতীত আর কিছুই নহে। ছন্দঃপ্রভৃতি গ্রন্থে শ্লোকাদির যেমন চারিটী পাদ বা ভাগ থাকে, তালেরও সেইরূপ চারিটী পাদ বা ভাগ আছে। যথা:—সম, বিষম, অতীত এবং অনাগত। অনাগত শব্দটী সচরাচর অনাঘাত বলিয়াও ব্যবহৃত হয়। এই চারি ভাগ হইতেই শাস্ত্রকারেরা তালগ্রহণ বিধিবদ্ধ করেন (*)। গীতাদির সম-

* সমাতীতানাগতাশ্চ বিষমশ্চ গ্রহা মতাঃ। চত্বারঃ কথিতাস্তালে সূক্ষ্মদৃষ্ট্যা বিচক্ষণৈঃ ॥

কালে যদি তালগ্রহণ করা যায়, তাহার নাম সমগ্রহ; যদ্যপি পূর্ব্বে গীত আরম্ভ করিয়া পশ্চাৎ তালগ্রহণ করা হয়, তাহার নাম অতীত গ্রহ; যদ্যপি তালগ্রহণের পর গীতাদির আরম্ভ হয়, তাহাকে অনাগত গ্রহ কহে; আর অতীত এবং অনাগত এতদুভয়ের মধ্যকালে তালগ্রহণের নাম বিষম গ্রহ। বস্তুতঃ এই চারিপ্রকার গ্রহের মধ্যে সমগ্রহই সর্ব্বপ্রসিদ্ধ, সমের এইরূপ (+) পতঙ্গ চিহ্ন। এই চিহ্নটীও মাত্রাচিহ্নের উপরিভাগে থাকিবে।

ফাঁক স্থান হইতেও তালগ্রহণের ব্যবহার আমাদের দেশীয় রীত্যনুসারে দেখিতে পাওয়া যায়; তালে যথানির্দ্দিষ্ট লয় (*) স্থির রাখা অতি কর্ত্তব্য।

লয়প্রবৃত্তির নিয়মকে যতি কহে (†) অর্থাৎ প্রবৃত্তিসূচক

